

কুরআনীয়

# আরবী শিক্ষা

বেসিক আরবী গ্রামার  
আল কুরআনের বিষয়ভিত্তিক শব্দ

এস এম নাহিদ হাসান  
ইমরান হেলাল



বইটির উপর ধারবাহিক ভিডিও লেকচার পেতে  
উপরের QR কোডটি স্ক্যান করুন

# কুরআনীয় আরবী শিক্ষা

এস এম নাহিদ হাসান

ইমরান হেলাল

প্রকাশক: এস এম নাহিদ হাসান  
প্লট ১৮, ১৯, রোড-৫, ব্লক-ঢ, মিরপুর ১২  
যোগাযোগ: 01712-529298

প্রথম বাংলা সংস্করণ

মে ২০২৪

স্বত্ব: লেখক

নির্ধারিত মূল্য: ২৫০ টাকা



## Al Quraner Vasha Institute

Rawshan Garden, Plot 18 & 19, Road 5,

Block DHA, Mirpur 12, Dhaka

[www.alquranervasha.com](http://www.alquranervasha.com)

+8801712-529298

## সূচীপত্র

অধ্যায় -০১	الكَلِمَةُ	11
১।	শব্দ - كَلِمَةٌ	11
২।	নাম বাচক ইসম এবং জাতিবাচক ইসম	12
৩।	অনির্দিষ্ট ও নির্দিষ্ট الْمَعْرِفَةُ وَالشَّكْرَةُ	13
৪।	কুরআনীয় শব্দার্থঃ প্রমুখ নবীগণের নাম	14
৫।	কুরআনীয় শব্দার্থঃ বিভিন্ন কিতাবের নাম	15
অধ্যায় -০২	المُدَّكَّرُ وَالْمُؤَنَّثُ	16
১।	পুরুষ ও স্ত্রীবাচক শব্দ المُدَّكَّرُ وَالْمُؤَنَّثُ	16
২।	কুরআনীয় শব্দার্থঃ বিভিন্ন ফেরেশতাদের নাম	18
৩।	কুরআনীয় শব্দার্থঃ বিভিন্ন সম্মানিত ব্যক্তির নাম	18
৪।	কুরআনীয় শব্দার্থঃ বিভিন্ন জাতীর নাম	19
৫।	কুরআনীয় শব্দার্থঃ বিভিন্ন কাফির ব্যক্তির নাম	20
৬।	কুরআনীয় শব্দার্থঃ বিভিন্ন দেবতা বা মূর্তির নাম	20
অধ্যায় -০৩	الإِعْرَابُ	22
১।	শেষাক্ষরের হরকতের পরিবর্তন الإِعْرَابُ	22
২।	কুরআনীয় শব্দার্থঃ স্থানসমূহের নাম	25
৩।	কুরআনীয় শব্দার্থঃ পরিবার ও আত্মীয়	26
অধ্যায় -০৪	المُثَنَّى	28
১।	দ্বিবচন المُثَنَّى	28
২।	কুরআনীয় শব্দার্থঃ দেহ ও অঙ্গপ্রত্যঙ্গ	29
৩।	কুরআনীয় শব্দার্থঃ আসবাবপত্র ও বাড়িঘর	32
৪।	কুরআনীয় শব্দার্থঃ যানবাহন	35

অধ্যায়-০৫	الجمع.....	36
১।	পুরুষবাচক সুগঠিত বহুবচন الجمعُ المذكرُ السَّالِم.....	36
২।	স্ত্রীবাচক সুগঠিত বহুবচন الجمعُ المؤنثُ السَّالِم.....	37
৩।	ভঙ্গুর বহুবচন جمعُ الكسبر.....	39
৪।	কুরআনীয় শব্দার্থঃ পশুপাখি ও কীটপতঙ্গ.....	41
৫।	কুরআনীয় শব্দার্থঃ শস্য এবং উদ্ভিদ.....	43
অধ্যায়-০৬	الضَّيْرُ.....	46
১।	সর্বনাম الضَّيْر.....	46
২।	কুরআনীয় শব্দার্থঃ খাদ্য ও পানীয়.....	49
৩।	কুরআনীয় শব্দার্থঃ প্রকৃতি ও আবহাওয়া.....	50
অধ্যায়-০৭	أَسْمَاءُ الْإِشَارَةِ.....	55
১।	ইশারাবাচক বিশেষ্য أسماءُ الإشارة.....	55
২।	কুরআনীয় শব্দার্থঃ পাপাচার.....	56
৩।	কুরআনীয় শব্দার্থঃ আখিরাত, জান্নাত ও জাহান্নাম.....	59
অধ্যায়-০৮	الِإِسْمُ الْمَوْضُوعُ.....	62
১।	সম্বন্ধ কারক সর্বনাম الإِسْمُ الْمَوْضُوعُ.....	62
২।	কুরআনীয় শব্দার্থঃ অনুভূতি.....	63
৩।	কুরআনীয় শব্দার্থঃ আর্থিক অবস্থা.....	63
৪।	কুরআনীয় শব্দার্থঃ শক্তি ও দুর্বলতা.....	64
অধ্যায়-০৯	الِإِضَافَةُ.....	66
১।	দুই ইসমের সম্পর্ক الإِضَافَةُ.....	66
২।	কুরআনীয় শব্দার্থঃ দল ও জামাত.....	67
৩।	কুরআনীয় শব্দার্থঃ বিপদ আপদ.....	70



অধ্যায়-১০ التَّعْتُ وَالْبَدَلُ.....	71
১। বিশেষণ التَّعْتُ.....	71
২। বদলি শব্দ البَدَلُ.....	73
৩। কুরআনীয় শব্দার্থঃ ব্যক্তিত্ব ও গুণাবলী.....	74
৪। কুরআনীয় শব্দার্থঃ পেশা ও ব্যবসা.....	77
অধ্যায়-১১ الظَّرْفُ.....	79
১। সময় ও স্থানবাচক শব্দ الظَّرْفُ.....	79
২। কুরআনীয় শব্দার্থঃ সময় নির্দেশক.....	81
৩। কুরআনীয় শব্দার্থঃ স্থান নির্দেশক.....	83
৪। কুরআনীয় শব্দার্থঃ শান্তি.....	84
৫। কুরআনীয় শব্দার্থঃ স্বাদ.....	85
অধ্যায়-১২ اِسْمُ الْفَاعِلِ وَالْمَفْعُولِ.....	86
১। কর্তার ও কর্মের নাম اِسْمُ الْفَاعِلِ وَالْمَفْعُولِ.....	86
২। কুরআনীয় শব্দার্থঃ ইসম ফায়িল ও মাফুউল.....	87
অধ্যায়-১৩ اِسْمُ الزَّمَانِ وَالْمَكَانِ.....	90
১। সময় ও স্থানবাচক বিশেষ্য اِسْمُ الزَّمَانِ وَالْمَكَانِ.....	90
২। কুরআনীয় শব্দার্থঃ পরিমাণ.....	91
অধ্যায়-১৪ اِسْمُ الْآلَةِ وَاِسْمُ الْفِعْلِ.....	94
১। ক্রিয়া সম্পাদনের উপকরণ اِسْمُ الْآلَةِ.....	94
২। ক্রিয়াবাচক নাম.....	95
৩। কুরআনীয় শব্দার্থঃ জ্ঞান বিজ্ঞান ও বই পত্র.....	95
৪। কুরআনীয় শব্দার্থঃ পোশাক ও অলংকার.....	97
৫। কুরআনীয় শব্দার্থঃ ভালোবাসা ও শত্রুতা.....	98

অধ্যায়-১৫	الإِسْمُ الْمُبَالِغَةُ وَالْمُشَبَّهَةُ	99
১।	ইসমুল ফায়িল এর তীব্রতার গঠন الإِسْمُ الْمُبَالِغَةُ وَالْمُشَبَّهَةُ	99
২।	স্থায়ী বিশেষণ الصِّفَةُ الْمُشَبَّهَةُ	100
৩।	কুরআনীয় শব্দার্থঃ গুণযুক্ত ব্যক্তি ও বস্তু	101
অধ্যায়-১৬	الْمَصْدَرُ	106
১।	ক্রিয়া বিশেষ্য الْمَصْدَرُ	106
২।	কুরআনীয় শব্দার্থঃ ঈমান ও কুফর	108
৩।	কুরআনীয় শব্দার্থঃ নিদর্শন ও নিয়ামত	109
৪।	কুরআনীয় শব্দার্থঃ টাকা পয়সা সম্পদ	110
৫।	কুরআনীয় শব্দার্থঃ রঙ ও ক্রটি	110
অধ্যায়-১৭	حَرْفُ الْجَرِّ وَالتَّصْبِی	112
১।	যের দানকারী হারফ সমূহ حَرْفُ الْجَرِّ	112
২।	যবর দানকারী হারফ সমূহ حَرْفُ التَّصْبِی	113
অধ্যায়-১৮	بَعْضُ الحُرُوفِ	115
১।	সংযোগসূচক অব্যয় حَرْفُ عَطْفٍ	115
২।	সম্বোধনের অব্যয় حَرْفُ نِدَاءٍ	115
৩।	উৎসাহর অব্যয় حَرْفُ مَحْضِیصٍ	116
৪।	সাবধানতার অব্যয় حَرْفُ تَنْبِیهِ	116
৫।	অতিরিক্ত অব্যয় الحُرُوفُ الزَائِدَةُ	116
অধ্যায়-১৯	الفِعْلُ الْمَاضِی	117
১।	অতীত কালের ক্রিয়া الفِعْلُ الْمَاضِی	117
২।	লিঙ্গ ও বচনভেদে الفِعْلُ الْمَاضِی এর বিভিন্ন রূপ	119

অধ্যায়-২০	الفِعْلُ الْمُضَارِعُ .....	122
১।	বর্তমান ও ভবিষ্যৎ কালের ক্রিয়া الفِعْلُ الْمُضَارِعُ .....	122
২।	ক্রিয়ার ইরাবِ إِعْرَابُ الفِعْلِ .....	129
অধ্যায়-২১	فِعْلُ الأَمْرِ والنَّهْيِ .....	131
১।	আদেশ فِعْلُ الأَمْرِ .....	131
২।	নিষেধ النَّهْيِ .....	132
৩।	তৃতীয়পুরুষে ও প্রথমপুরুষে আদেশ ও নিষেধ .....	133
৪।	কুরআনীয় শব্দার্থঃ ক্রিয়া সংশ্লিষ্ট শব্দাবলী .....	135
অধ্যায়-২২	المَفَاعِلُ .....	139
১।	ক্রিয়ার কর্ম مَفْعُولٌ بِهِ .....	139
২।	ক্রিয়া সংঘটনের সময়/স্থান مَفْعُولٌ فِيهِ .....	140
৩।	ক্রিয়া সংঘটিত হওয়ার কারণ مَفْعُولٌ لَهُ .....	140
৪।	ক্রিয়া সংঘটনের সাথী مَفْعُولٌ مَعَهُ .....	140
৫।	সমধাতুজ কর্ম المَفْعُولُ الْمُطْلَقُ .....	141
অধ্যায়-২৩	الفِعْلُ الصَّحِيحُ .....	142
১।	নিরেট ক্রিয়া فِعْلٌ صَحِيحٌ .....	142
২।	মাহমুজ ক্রিয়া فِعْلٌ مَهْمُوزٌ .....	142
৩।	মুদায়াফ ক্রিয়া فِعْلٌ مُضَاعَفٌ .....	144
অধ্যায়-২৪	الفِعْلُ الْمُعْتَلُ .....	147
১।	দুর্বল বা রূপান্তরিত ক্রিয়া الفِعْلُ الْمُعْتَلُ .....	147
২।	মিছাল ক্রিয়া الفِعْلُ الْمِثَالُ .....	148
৩।	আজওয়াফ ক্রিয়া الفِعْلُ الْأَجْوَفُ .....	151

৪। নাকিস ক্রিয়া الْكَافِضُ.....	154
৫। লাফিফ ক্রিয়া اللَّفِيفُ.....	157
অধ্যায়-২৫ الْفِعْلُ الْمَجْهُوْلُ.....	158
১। ক্রিয়ার কর্মবাচ্য রূপ الْفِعْلُ الْمَجْهُوْلُ.....	158
অধ্যায়-২৬ صيغة: فَعَّلَ.....	163
১। Form II.....	164
২। গঠনের কিছু তাৎপর্য.....	166
অধ্যায়-২৭ صيغة: فَاعَلَ وَأَفْعَلَ.....	168
১। Form III.....	168
২। Form IV.....	170
অধ্যায়-২৮ صيغة: تَفَعَّلَ، تَفَاعَلَ، اِنْفَعَلَ.....	175
১। Form V.....	175
২। Form VI.....	177
৩। Form VII.....	179
অধ্যায়-২৯ صيغة: اِنْفَعَلَ، اِفْتَعَلَ، اِسْتَفْعَلَ.....	181
১। Form VIII.....	181
২। Form IX.....	183
৩। Form X.....	184
৪। চার অক্ষর বিশিষ্ট ক্রিয়ামূল.....	186

অধ্যায়-৩০	الْحَالُ وَالْتَمِيْزُ	188
১।	কর্তা ও কর্মের অবস্থা الْحَالُ	188
২।	নির্দিষ্টকরণ التَّمْيِيْزُ	189
অধ্যায়-৩১	الْجُمْلَةُ وَأَقْسَامُهَا	191
১।	আরবী বাক্য ও তার প্রকার الْجُمْلَةُ وَأَقْسَامُهَا	191
২।	নামপ্রধান বাক্য বা الْجُمْلَةُ الْإِسْمِيَّةُ	193
৩।	ক্রিয়া প্রধান বাক্য الْجُمْلَةُ الْفِعْلِيَّةُ	198
অধ্যায়-৩২	الْجُمْلَةُ الْإِسْتِفْهَامِيَّةُ وَاللَّفْظِيَّةُ	201
১।	প্রশ্নবোধক শব্দ	201
২।	তুলনার্থে ব্যবহৃত বিশেষ্য	203
৩।	কুরআনীয় শব্দার্থঃ তুলনাবাচক ইসম	204
অধ্যায়-৩৩	الْجُمْلَةُ التَّأْكِيْدِيَّةُ	205
১।	ক্রিয়ায় জোর দিতে إِنَّ, مِنْ, كُلُّ, قَدْ, قَطُّ, أَبَدًا এর ব্যবহার	205
২।	জোর দেওয়ার 'নূন ও লাম'	207
অধ্যায়-৩৪	الْجُمْلَةُ الشَّرْطِيَّةُ وَالْجُمْلَةُ التَّعْجِيْبِيَّةُ	208
১।	তলব ও তলবের উত্তর	208
২।	শর্তযুক্ত বাক্য	208
৩।	আশ্চর্যবোধক বাক্য	210
অধ্যায়-৩৫	الْعَدْدُ	211
১।	الْعَدْدُ নম্বর	211
২।	أَلْفٌ وَ مِائَةٌ	215

অধ্যায়-৩৬ المَتَّوَعَاتُ.....	218
১। كَافٍ এর ব্যবহার .....	218
২। كَيْسٍ এর ব্যবহার.....	219
৩। وَ এর বিভিন্ন ব্যবহার.....	220
৪। مَا এর বিভিন্ন ব্যবহার।.....	220
৫। لَامٍ এর বিভিন্ন ব্যবহার .....	221
৬। اِنَّ، اِنَّ، اِنَّ، اِنَّ এর বিভিন্ন ব্যবহার.....	221
৭। ব্যতীত শব্দের ব্যবহার .....	222

ALQURANER VASHA.COM

## ভূমিকা

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

সকল প্রশংসা মহান আল্লাহর এবং সালাত ও সালাম তার রসূলের প্রতি।

শুরুতেই বলি কুরআনীয় আরবী শিক্ষা কী? কুরআনীয় আরবী শিক্ষা বলতে দুইটা বিষয় বোঝায়। এক, বিশুদ্ধ আরবী ভাষা যা বর্তমান কথ্য আরবী থেকে কিছুটা ভিন্ন। দুই, কেবল পবিত্র কুরআনে উল্লিখিত বাক্যগুলোর বাক্যরীতি ও কুরআনের শব্দসমূহ শিক্ষা করা।

এখন আরবী ভাষা শিক্ষার সাথে এর পার্থক্যটা কোথায়? একটা উদাহরণ দিই। আরবীতে প্রিপজিশন বা হারফ জার আছে সতেরটি। কিন্তু কুরআন বুঝতে আপনাকে এই সতেরটি শিখতে হবে না। সেখান থেকে মাত্র কয়েকটা শিখতে হবে। আরবীতে সময় ও স্থানবাচক শব্দ আছে প্রচুর। কুরআন বুঝতে হলে এর মাত্র কয়েকটাই শিখতে হবে। আরবীতে বহুবচনের অনেক অনেক নিয়ম আছে কিন্তু শুধু কুরআন বুঝতে এতগুলো নিয়ম শিখতে হয় না। এভাবে ভাষার অসংখ্য নিয়ম আর শব্দ থেকে আপনাকে নির্দিষ্ট কিছু নিয়ম আর শব্দ শিখতে হবে। এটাই মূলত কুরআনীয় আরবী শিক্ষা।

আমাদের এই বইতে থাকবে প্রায় একশত কলেপ্ট আর উদাহরণ হিসেবে থাকবে প্রায় পাঁচ শতাধিক আয়াতের অংশ। এছাড়া বিষয়ভিত্তিকভাবে কুরআনের অনেক শব্দ সংকলিত হয়েছে যা প্রায় কুরআনের নব্বইভাগ শব্দ কভার করবে। সব মিলিয়ে বইটি আপনাকে কুরআন বুঝতে সাহায্য করবে ইনশাআল্লাহ। বইটার উপর ধারাবাহিক ভিডিও ক্লাস আমাদের ইউটিউব চ্যানেলে আছে। এছাড়া কোন বিষয়ে আরও বিস্তারিত জানতে হলে আমরা "লুগাতুল কুরআন" বইটি দেখার অনুরোধ করছি।

এস এম নাহিদ হাসান

## الكلمة - ০১ অধ্যায়

### ১। শব্দ - كَلِمَةٌ

ভাষা হলো কতগুলো শব্দ ব্যবহার করে একটা কথা বলা। যেমন আমরা দেখি নিচের আয়াত দুটিতে মহান আল্লাহ পড়তে বলেছেন।

خَلَقَ	الَّذِي	رَبِّكَ	بِاسْمِ	أَفْرَأُ
সৃষ্টি করেছেন	যিনি	তোমার প্রভুর	নামে	পড়ো
	عَلَّقِي	مِنْ	الْإِنْسَانَ	خَلَقَ
	আলাক	থেকে	মানুষকে	সৃষ্টি করেছেন

আরবীতে শব্দকে বলা হয় كَلِمَةٌ। আরবী শব্দ তিন প্রকারের: حَرْفٌ، فِعْلٌ، إِسْمٌ। যেমন উপরের আয়াত দুটিতে خَلَقَ، أَفْرَأُ، حَرْفٌ হলো। بِ، مِنْ، الْإِنْسَانَ ইত্যাদি হলো إِسْمٌ। رَبِّ، الَّذِي، رَبِّ، الْإِنْسَانَ আয়াত দুটিতে فِعْلٌ হলো।

إِسْمٌ বা নামঃ এগুলো হলো কোন কিছুর নাম

মুহাম্মাদ	مُحَمَّدٌ	আল্লাহ	اللَّهُ
একটি বই	كِتَابٌ	একটি কলম	قَلَمٌ
একটি চাবি	مِفْتَاحٌ	একটি মসজিদ	مَسْجِدٌ
বড়	كَبِيرٌ	সুন্দর	جَمِيلٌ
তুমি	أَنْتَ	আমি	أَنَا
যিনি	الَّذِي	এটা	هَذَا



حَرْفٌ বা অব্যয়পদঃ এগুলো শব্দ নিজে নিজে পূর্ণ অর্থ দেয় না

নিশ্চয়ই	إِنَّ	মধ্যে	فِي
না	لَا	দিকে	إِلَى
এবং	وَ	থেকে	مِنْ

فِعْلٌ বা ক্রিয়াপদঃ এগুলো দ্বারা কোন কাজ করা বোঝায়

সে যায়	يَذْهَبُ	সে গেল	ذَهَبَ
সে প্রবেশ করে	يَدْخُلُ	সে প্রবেশ করলো	دَخَلَ
সে সাহায্য করে	يَنْصُرُ	সে সাহায্য করলো	نَصَرَ
সে খায়	يَأْكُلُ	সে খেলো	أَكَلَ
সে পাঠ করে	يَقْرَأُ	সে পাঠ করলো	قَرَأَ

## ২। নাম বাচক ইসম এবং জাতিবাচক ইসম

কোন কিছুর নির্দিষ্ট নামকে **إِسْمٌ الْعَلَمُ** বলে যেমন **رَيْدٌ، بِلَالٌ، مَرْيَمٌ** ইত্যাদি। এর মধ্যে রয়েছে ব্যক্তিবাচক নাম, স্থানের নাম, জাতির নাম ইত্যাদি।

ইবরাহিম (আ)	إِبْرَاهِيمُ	আদম (আ)	آدَمُ
লুত (আ)	لُوطٌ	জিবরাইল	جِبْرِيلُ
ইরাম জাতির নাম	إِرَامُ	আদ জাতির নাম	عَادُ
মদীনার পূর্বনাম	يَثْرِبُ	মক্কা নগরী	مَكَّةُ

আর কোন কিছুর জাতিবাচক নামকে বলা হয় **إِسْمُ الْجِنْسِ** যেমন-

বই	كِتَابٌ	মানুষ	إِنْسَانٌ
বিড়াল	قِطٌّ	লোক	رَجُلٌ
কলম	قَلَمٌ	জাতি	قَوْمٌ
পানি	مَاءٌ	লোকজন	نَاسٌ

### ৩। অনির্দিষ্ট ও নির্দিষ্ট **الْمَعْرِفَةُ وَالَّتَكْرِهُ**

কিছু ব্যতিক্রম বাদে ইসমের শেষে সাধারণত দুইপেশ বা **تَنْوِينٌ** থাকে। ইসমের শেষে **تَنْوِينٌ** থাকলে সেটা অনির্দিষ্টতা ও একটি হওয়া বোঝায়। যেমন **جَاءَ رَجُلٌ** জনৈক লোক এসেছে আবার **رَجُلٌ** একজন লোক। একইভাবে **كُرْسِيٌّ** কোন একটি চেয়ার বা একটি চেয়ার। **بَيْتٌ** কোন একটা বাড়ি বা একটি বাড়ি ইত্যাদি। অনির্দিষ্ট **إِسْمٌ** কে নির্দিষ্ট করতে **أَلٌ** যুক্ত করতে হয়। সেক্ষেত্রে **تَنْوِينٌ** এর একটা হরকত উঠে যায়।

চাবিটি	الْمِفْتَاحُ	একটি চাবি	مِفْتَاحٌ
কলমটি	الْقَلَمُ	একটি কলম	قَلَمٌ
লোকটি	الرَّجُلُ	একটি লোক	رَجُلٌ

নোটঃ সবসময় **أَلٌ** যুক্ত হলে বাংলায় “টি” যুক্ত হয় না। বরং কখনও কখনও ব্যাপকতা বোঝায় যেমনঃ **الْحَيَّةُ** মানে প্রশংসাটি নয় বরং সকল প্রশংসা। আবার কখনও জাতী বোঝায় যেমন **النَّاسُ** মানে মানুষটি নয় বরং মানুষ জাতি।

## ৪। কুরআনীয় শব্দার্থঃ প্রমুখ নবীগণের নাম

আদম (আ)	آدَمُ
ইদ্রীস (আ)	إِدْرِيسُ
নূহ (আ)	نُوحٌ
হুদ (আ)	هُودٌ
সালিহ (আ)	صَالِحٌ
ইবরাহিম (আ)	إِبْرَاهِيمُ
লূত (আ)	لُوطٌ
ইসমাইল (আ)	إِسْمَاعِيلُ
ইসহাক (আ)	إِسْحَاقُ
ইয়াকুব (আ)	يَعْقُوبُ
ইউসুফ (আ)	يُوسُفُ
আইয়ুব (আ)	أَيُّوبُ
শুয়াইব (আ)	شُعَيْبٌ
মুসা (আ)	مُوسَى
হারুন (আ)	هَارُونُ
ইউনুস (আ), (যুন নুন)	يُونُسُ، ذُو النُّونِ
দাউদ (আ)	دَاوُدُ
সুলাইমান ইবন দাউদ (আ)	سُلَيْمَانُ

ইলিয়াস (আ)	إِلْيَاسُ
আল ইয়াসা (আ)	الْيَسَعُ
যুল কিফল (আ)	ذُو الْكِفْلِ
যাকারিয়া (আ)	زَكَرِيَّا
ইয়াহইয়া ইবন যাকারিয়া (আ)	يَحْيَى
ঈসা (আ)	عِيسَى
মুহাম্মাদ (সা); প্রশংসিত	مُحَمَّدٌ
মুহাম্মাদ (সা), সর্বাধিক প্রশংসাকারী	أَحْمَدُ

### ৫। কুরআনীয় শব্দার্থঃ বিভিন্ন কিতাবের নাম

তাওরাত: মূসা আলাইহিস সালামের প্রতি অবতীর্ণ কিতাব	التَّوْرَةُ
যাবুর: দাউদ (আ) এর উপর অবতীর্ণ কিতাব	الزَّبُورُ
ইঞ্জিল: ঈসা (আ) এর উপর অবতীর্ণ কিতাব	الْإِنْجِيلُ

## المذكر والمؤنث - 02 অধ্যায়

### ১। পুরুষ ও স্ত্রীবাচক শব্দ المذكر والمؤنث

আরবীতে প্রত্যেকটা **إِسْمٌ** হয় **المذكر** পুরুষবাচক অথবা **المؤنث** স্ত্রীবাচক। ক্লীব লিঙ্গ বলে কিছু নাই। স্ত্রীবাচক শব্দ কয়েকভাবে হতে পারে

#### ১. স্ত্রীবাচক নামঃ

سَعَادُ	زَيْنَبُ	مَرِيَمُ
সুয়াদু	যায়নাবু	মারইয়ামু

#### ২. স্ত্রীবাচক সম্পর্কঃ

بِنْتٌ	أُخْتٌ	عُرْسٌ	أُمٌّ
কন্যা	বোন	বধূ	মা

#### ৩. দেহের যে অঙ্গসমূহ দুটো করে আছেঃ

عَيْنٌ	يَدٌ	أُذُنٌ	رِجْلٌ
চোখ	হাত	কান	পা

#### ৪. শেষে তা : বিশিষ্টঃ

أُمَّةٌ	زَكَاةٌ	بَقْرَةٌ	صَلَاةٌ	قَرْيَةٌ	زَلَّةٌ	جَنَّةٌ
জাতি	যাকাত	গাভী	সালাত	গ্রাম	লাঞ্ছনা	বাগান

৫. শেষে ی বিশিষ্টঃ

كُبْرَى	سَلْمَى	لَيْلَى	بُشْرَى	حُبْلَى	دُنْيَا	عَطَشَى
বড় (মহিলা)	সালমা	লায়লা	সুসংবাদ	গর্ভবতী	নিকটবর্তী	পিপাসার্ত

৬. শেষে اء বিশিষ্টঃ

حَسَنَاءُ	خَضْرَاءُ	حَمْرَاءُ
সুন্দরী নারী	সবুজ	লাল

৭. পুরুষবাচক শব্দের শেষে ة যোগ করে

طَيِّبَةٌ	ابْنَةٌ	مُسْلِمَةٌ	جَدِيدَةٌ
ডাক্তারনী	কন্যা	মুসলিমাহ	নতুন

৮. আগুনের কিছু নাম

جَهَنَّمَ	نَارٌ	سَعِيرٌ	جَحِيمٌ	سَقَرٌ
জাহান্নাম	আগুন	সায়ির	জাহিম	সাকার

৯. বাতাসের কিছু নাম

رِيحٌ	سَمُومٌ	صَرَصَرٌ	عَاصِفٌ
বাতাস	ঘূর্ণি ঝড়	হিমবাহ	ঝড়ো বাতাস

১০. কিছু দৈনন্দিন শব্দ ও দেশ, শহর বা গোত্রের নাম

حَمْرٌ	دَارٌ	طَرِيقٌ	نَفْسٌ	أَرْضٌ
মদ	বাড়ি	পথ	সত্তা	মাটি

شَمْسٌ	حَرْبٌ	مِصْرٌ	دِمَشْقٌ	قُرَيْشٌ
সূর্য	যুদ্ধ	মিশর	দামেস্ক	কোরাইশ

কিছু শব্দ স্ত্রী ও পুরুষ উভয় হিসেবে ব্যবহৃত হয়, যেমনঃ

سُوْقٌ	حَالٌ	رُوْحٌ	نَفْسٌ	بَلَدٌ	طَرِيقٌ	إِصْبَعٌ
বাজার	অবস্থা	রুহ	আত্মা	দেশ	পথ	আঙ্গুল

## ২। কুরআনীয় শব্দার্থঃ বিভিন্ন ফেরেশতাদের নাম

ফেরেশতা জিবরাইল (আ)	جَبْرِيلُ
মালিক; জাহান্নামের প্রহরী	مَالِكٌ
ফেরেশতা মীকায়ীল (আ)	مِيكَالُ
হারুত; একজন ফেরেশতার নাম	هَارُوتُ
মারুত; একজন ফেরেশতার নাম	مَارُوتُ

## ৩। কুরআনীয় শব্দার্থঃ বিভিন্ন সম্মানিত ব্যক্তির নাম

উজাইর (আ)	عَزِيْرٌ
যুল কারনাইন	ذُو الْقَرْنَيْنِ
লুকমান	لُقْمَانُ
মারইয়াম (আ), ঈসা (আ) এর মা	مَرْيَمُ
ইমরান; ঈসা আলাইহিস সালামের নানা	عِمْرَانُ

তালুত; বনী ইসরাইলের একজন শাসকের নাম	طَالُوتُ
যায়েদ (রা), একজন সাহাবি	زَيْدٌ

## ৪। কুরআনীয় শব্দার্থঃ বিভিন্ন জাতীর নাম

আদ, হুদ (আ) এর সম্প্রদায়	عَادٌ
সামুদ, সালেহ (আ) এর সম্প্রদায়	ثَمُودٌ
আল্লাহর বান্দা, ইয়াকুব (আ) এর উপাধি	إِسْرَائِيلُ
ইরাম, আদ জাতির পিতা	إِرْمٌ
লিখিত ফলক, রাকীম; এক স্থানের নাম	الرَّقِيمُ
রোমান সম্প্রদায়	رُومٌ
সাবেয়ী সম্প্রদায়	صَابِئٌ
কুরাইশ; নবীজী (সা) এর বংশ	قُرَيْشٌ
ইয়াজুজ সম্প্রদায়	يَاجُوجُ
মাজুজ সম্প্রদায়	مَاجُوجُ
অগ্নি পূজক	مَجُوسِيٌّ
ইয়াহুদী	يَهُودِيٌّ (ج) يَهُودٌ، هُودٌ
খৃষ্টান	نَصْرَانِيٌّ
সাহায্যকারী, ঈসা (আ) এর সঙ্গীদের উপাধি	حَوَارِيٌّ



## ৫। কুরআনীয় শব্দার্থঃ বিভিন্ন কাফির ব্যক্তির নাম

ফিরাউন; মিশরের রাজার উপাধি	فِرْعَوْنُ
কারুন; বনী ইসরাইলের ধনী ব্যক্তি	قَارُونُ
হামান; ফিরাউনের মন্ত্রী	هَامَانَ
সামিরী; বনী ইসরাইলের অভিশপ্ত ব্যক্তি	السَّامِرِيُّ
আব্বার, ইবরাহিম (আ) এর পিতা	آزَرَ
জালুত, আমালিকার কাফির রাজা	جَالُوتُ

## ৬। কুরআনীয় শব্দার্থঃ বিভিন্ন দেবতা বা মূর্তির নাম

একটা উট যাকে মূর্তির নামে স্বাধীন ছেড়ে দেওয়া হতো	حَامٍ
একটা উটনী যাকে মূর্তির নামে স্বাধীন ছেড়ে দেওয়া হতো	وَصِيْلَةٌ
ঐ জন্তু যাকে মূর্তির নামে স্বাধীন ছেড়ে দেওয়া হতো	سَائِبَةٌ
ঐ জন্তু যার দুধ দোহন করা হত না এবং বলা হতো যে, এ দুধ প্রতিমার জন্য	بَحِيْرَةٌ
ওয়াদ; মূর্তির নাম	وَدٍّ
ইয়াউক; মূর্তির নাম	يَعُوْقُ
ইয়াগুস; মূর্তির নাম	يَعُوْثُ
সুওয়া; মূর্তির নাম	سُوَاعٍ
লাত, মক্কার মুশরিকদের একটি মূর্তি	اللَّاتُ

উজ্বা, মক্কার মুশরিকদের দেবীর নাম	العَزَى
মানাত; মক্কার মুশরিকদের মূর্তির নাম	مَنَاة
প্রতিমা, উপাস্য, মূর্তি	جِبْتٌ
মূর্তি, প্রতিমা	وَتُنُّ (ج) أَوْثَانٌ
মূর্তি, প্রতিমা	صَنَمٌ (ج) أَصْنَامٌ
প্রতিমা, স্থাপিত বেদী	نُصْبٌ (ج) أَنْصَابٌ

ALQURANER VASHA.COM

## ১। শেষাক্ষরের হরকতের পরিবর্তন الإِعْرَابُ

ইসমগুলোর শেষাক্ষরের হরকত পরিবর্তনশীল। শেষের বর্ণটি কখনো পেশ কখনও যবর আবার কখনও যের বিশিষ্ট হয়। ইসমের এই পরিবর্তন الإِعْرَابُ দ্বারা আলোচনা করা হয়। যেমন আমাদের পরিচিত কয়েকটি বাক্য লক্ষ্য করি-

মুহাম্মাদ (স) আল্লাহর রসূল	مُحَمَّدٌ رَسُوْلُ اللهِ
মুহাম্মাদ (স) কে ওসিলা দান কর	اٰتِ مُحَمَّدًا الْوَسِيْلَةَ
মুহাম্মাদ (স) এর উপর শান্তি প্রেরণ কর	اللّٰهُمَّ صَلِّ عَلٰى مُحَمَّدٍ

আমরা খেয়াল করি, প্রথম বাক্যটিতে مُحَمَّدٌ এর শেষ বর্ণে পেশ আছে। একে ইসমের مَرْفُوع বা পেশ বিশিষ্ট অবস্থা বলে। দ্বিতীয় লাইনের বাক্যে مُحَمَّدًا এর শেষ বর্ণে যবর আছে। একে ইসমের مَنْصُوب বা যবর বিশিষ্ট অবস্থা বলে। তৃতীয় লাইনের বাক্যে مُحَمَّدٍ এর শেষ বর্ণে যের আছে। একে ইসমের مَجْرُور বা যের বিশিষ্ট অবস্থা বলে।

বাক্যের উদ্দেশ্য বিধেয় এবং ক্রিয়ার কর্তা ইত্যাদি মারফু হয়।

আল্লাহ এক	اللهُ اَحَدٌ
আল্লাহ সবকিছু সৃষ্টি করেছেন	خَلَقَ اللهُ كُلَّ شَيْءٍ

দুটি ক্ষেত্রে ইসম মাজরুর হয়। কিছু হারফের পর আবার যখন তার সাথে কাউকে জুড়ে দেওয়া হয়।

মানুষের অন্তরের মধ্যে	فِي صُدُوْرِ النَّاسِ
এটা আল্লাহর উট	هٰذِهِ نَاقَةُ اللهِ

ক্রিয়ার কর্মগুলো মানসুব হয়। যেমন কি করে, কখন করে, কেন করে ইত্যাদি।

আল্লাহ মানুষ সৃষ্টি করেছেন	خَلَقَ اللَّهُ الْإِنْسَانَ
নিশ্চয়ই আমি আহবান করেছি রাতে ও দিনে	إِنِّي دَعَوْتُ قَوْمِي لَيْلًا وَنَهَارًا
আর দারিদ্রতার ভয়ে তোমাদের সন্তান হত্যা করো না	وَلَا تَقْتُلُوا أَوْلَادَكُمْ خَشْيَةَ إِمْلَاقٍ

আমরা মনে রাখবো-

مُحَمَّدٌ	مُحَمَّدًا	مُحَمَّدٌ
মুহাম্মাদের	মুহাম্মাদকে	মুহাম্মাদ
(مَجْرُورٌ)	(مَنْصُوبٌ)	(مَرْفُوعٌ)

তবে কিছু কিছু ইসমের পরিবর্তন দুইরকম। এরা তানযীন নেয় না এবং মাজরুর অবস্থায় যেরের বদলে যবর নেয়। এদেরকে দ্বিত্ব বলে। যেমন- মেয়েদের নাম **فَاطِمَةٌ، مَرْيَمٌ** আবার কিছু ছেলেদের নাম- **أَحْمَدُ، عُمَرُ** ইত্যাদি। এসকল ইসমের শেষে এক পেশ থাকে।

أَحْمَدٌ	أَحْمَدًا	أَحْمَدٌ
আহমাদের	আহমাদকে	আহমাদ
(مَجْرُورٌ)	(مَنْصُوبٌ)	(مَرْفُوعٌ)

আবার কিছু ইসমের শেষ বর্ণের হরকত পরিবর্তন হয় না এদেরকে “মাবনী” বলে। যেমনঃ **هَذَا**

هَذَا	هَذَا	هَذَا
এটার	এটাকে	এটা
(مَجْرُورٌ)	(مَنْصُوبٌ)	(مَرْفُوعٌ)

## কুরআনীয় উদাহরণ

আল্লাহ সবচেয়ে মহান	اللَّهُ أَكْبَرُ
মুহাম্মাদ (স) আল্লাহর রসুল	مُحَمَّدٌ رَسُولُ اللَّهِ
নিশ্চয়ই আল্লাহ ক্ষমাশীল	إِنَّ اللَّهَ عَفُورٌ
আর মানুষ বলবে তার কি হয়েছে?	وَقَالَ الْإِنْسَانُ مَا لَهَا
আল্লাহ মানুষ সৃষ্টি করেছেন	خَلَقَ الْإِنْسَانَ
নাকি মানুষের জন্য রয়েছে যা সে কামনা করে	أَمْ لِلْإِنْسَانِ مَا تَمَنَّى
ইব্রাহীম ইহুদী ছিলো না	مَا كَانَ إِبْرَاهِيمَ يَهُودِيًّا
ইব্রাহিমের উপর সালাম	سَلَامٌ عَلَىٰ إِبْرَاهِيمَ
নিশ্চয়ই ইব্রাহীম ধৈর্য্যশীল	إِنَّ إِبْرَاهِيمَ لَحَلِيمٌ
সেইদিন মানুষ তার রবের সামনে দাঁড়াবে	يَوْمَ يَقُومُ النَّاسُ لِرَبِّ الْعَالَمِينَ
মানুষের মালিকের	مَلِكِ النَّاسِ
ছেয়ে যাবে মানুষকে	يَغْشَى النَّاسَ
মুহাম্মাদ (স) আল্লাহর রসুল	مُحَمَّدٌ رَسُولُ اللَّهِ
আর ইমান আনো তাতে যা মুহাম্মাদের উপর নাযিল হয়েছে	وَأَمِنُوا بِمَا نُزِّلَ عَلَىٰ مُحَمَّدٍ
আর শপথ বায়তুল মামুরের	وَالْبَيْتِ الْمَعْمُورِ
সবচেয়ে দুর্বল ঘর মাকড়শার ঘর	أَوْهَنَ الْبُيُوتِ لَبَيْتُ الْعَنْكَبُوتِ
যখন তিনি ঘরটিকে মানুষের মিলনস্থল করলেন	وَإِذْ جَعَلْنَا الْبَيْتَ مَثَابَةً لِّلنَّاسِ

## ২। কুরআনীয় শব্দার্থঃ স্থানসমূহের নাম

বালুকাময় উপত্যকা, বালুর টিলা, ইয়ামান, আদ জাতির স্থান	الْأَحْقَافُ
আ'রাফ; জান্নাত-জাহান্নামের মধ্যবর্তী স্থান	الْأَعْرَافُ
ফিলিস্তিনের জেরুজালেমে মাসজিদুল আকসা	الْأَقْصَى
আইকা; জঙ্গল, গহীন বন, শোয়াইব (আ) এর স্থান	الْأَيْكَةُ
ব্যাবিলন শহর, ইরাকের বাগদাদ	بَابِلُ
বদর প্রান্তর, মদীনার পশ্চিমে ১৫০ কিমি দূরে	بَدْرٌ
মক্কা নগরী	بَكَّةٌ، مَكَّةٌ
জুদী পাহাড়, সিরিয়া ও তুরস্কের বর্ডারে অবস্থিত	الْجُودِيَّ
সামুদ জাতির আবাসভূমি, সৌদি আরবের উত্তর পশ্চিমে	الْحِجْرُ
হনাইন প্রান্তর; মক্কার পূর্বের এক উপত্যকা	حُنَيْنٌ
রাস; খনি, সামুদ জাতির পুরাতন এক কূপের নাম	الرَّسُّ
সাবা শহর; ইয়ামানের সাবা সম্প্রদায়	سَبَأٌ
নিম্নতম স্থান; মৃত্যুর পর পাপী আত্মার স্থান	سَجِّينٌ
উচ্চতম স্থান; মৃত্যুর পর নেক আত্মার স্থান	عِلِّيُّونُ
সাফা; বায়তুল্লাহর পাশে ছোট পাহাড়	الصَّفَا
মারওয়া; বায়তুল্লাহর পাশে ছোট পাহাড়	الْمَرْوَةُ
মিশরে অবস্থিত সিনাই তুর পাহাড়	طُورُ سَيْنَاءَ
তুয়া; উপত্যকার নাম	طَوًى

আরাফার ময়দান; পরিচয়স্থল	عَرَافَاتٌ
মাদইয়ান; শুয়াইব (আ) এর শহর	مَدِينٌ
মদীনার পূর্বনাম	يَثْرِبُ
মিসর, আফ্রিকার একটি দেশের নাম	مِصْرُ

### ৩। কুরআনীয় শব্দার্থঃ পরিবার ও আত্মীয়

পূর্বপুরুষ; বাবা (৩৩:৪০)	أَبٌ (ج) آبَاءٌ
পিতা, জনক	وَالِدٌ
মা; মূল (৩:৭); আশ্রয়, ঠিকানা (১০১:৯)	أُمٌّ (ج) أُمَّهَاتٌ
মা, জননী	وَالِدَةٌ
ভাই; জাতি ভাই, ভ্রাতৃত্ব	أَخٌ (ج) إِخْوَانٌ، إِخْوَةٌ
বোন	أُخْتٌ (ج) أَخَوَاتٌ
আত্মীয়তা, বন্ধুত্ব, সম্পর্ক	إِلٌّ
আত্মীয়তার সম্পর্ক, নৈকট্য	قُرْبَى
আত্মীয়তা, নৈকট্য	مَقْرَبَةٌ
বংশগত আত্মীয়তা, বংশ	نَسَبٌ (ج) أَنْسَابٌ
বিবাহসূত্রের আত্মীয়, বৈবাহিক সম্পর্ক	صِهْرٌ
স্বামী	بَعْلٌ (ج) بُعُولَةٌ
ছেলে, পুত্র; বংশধর (৭:২৭)	إِبْنٌ (ج) أَبْنَاءٌ، بَنُونَ

পালকপুত্র, পৌষ্যপুত্র	دَعِيٌّ (ج) اَدْعِيَاءُ
মেয়ে, কন্যা	ابْنَةٌ، بِنْتُ (ج) بَنَاتٌ
সৎমেয়ে, স্ত্রীর মেয়ে	رَبِيبَةٌ (ج) رَبَائِبُ
নাতি নাতনি	حَافِدٌ (ج) حَفَدَةٌ
বংশধর, ভবিষ্যৎপ্রজন্ম	ذُرِّيَّةٌ (ج) (ذُرِّيَّاتٌ) ، نَسْلٌ
স্ত্রী	حَلِيلَةٌ (ج) حَلَائِلُ، صَاحِبَةٌ
স্ত্রী; জোড়া (৬:১৪৩); রকম (২২:৫)	زَوْجٌ (ج) أَزْوَاجٌ
খালা	خَالَةٌ (ج) خَالَاتٌ
মামা	خَالَ (ج) أَخْوَالٌ
ফুফু	عَمَّةٌ (ج) عَمَّاتٌ
চাচা	عَمٌّ (ج) أَعْمَامٌ
সন্তান ও পিতার দিক থেকে ওয়ারিশহীন ব্যক্তি	كَلَالَةٌ



## المُثَنَّى -08 অধ্যায়

শব্দের শেষে তানযীন থাকলে একবচনকে নির্দেশ করে। যেমন **كِتَابٌ** একটি বই। **حَفِيْبَةٌ** একটি ব্যাগ ইত্যাদি। আমরা এই অধ্যায়ে দ্বিবচন **المُثَنَّى** করার বিষয়টা দেখবো।

### ১। দ্বিবচন المُثَنَّى

مَنْصُوبٌ مَجْرُورٌ	مَرْفُوعٌ	مَرْفُوعٌ
كِتَابَيْنِ	كِتَابَانِ	كِتَابٌ
দুটি বইয়ের / দুটি বইকে	দুটি বই	একটি বই
طَالِبَيْنِ	طَالِبَانِ	طَالِبٌ
দুজন ছাত্রকে/দুজন ছাত্রের	দুজন ছাত্র	একজন ছাত্র
طَالِبَتَيْنِ	طَالِبَتَانِ	طَالِبَةٌ
দুজন ছাত্রীকে/দুজন ছাত্রীর	দুজন ছাত্রী	একজন ছাত্রী
خَصْمَيْنِ	خَصْمَانِ	خَصْمٌ
বিবাদমান দুটি পক্ষের/পক্ষকে	বিবাদমান দুটি পক্ষ	বিবাদী
جَنَّتَيْنِ	جَنَّتَانِ	جَنَّةٌ
দুটি বাগানের/বাগানকে	দুইটি বাগান	একটি বাগান
قَلْبَيْنِ	قَلْبَانِ	قَلْبٌ
দুটি অন্তরের/অন্তরকে	দুইটি অন্তর	একটি অন্তর
رَجُلَيْنِ	رَجُلَانِ	رَجُلٌ
দুটি লোকের/লোককে	দুইটি লোক	একটি লোক

## কুরআনীয় উদাহরণ

বিবাদমান দুটি পক্ষ, একে অপরের প্রতি বাড়াবাড়ি করেছি	خَصْمَانِ بَعَى بَعْضُنَا عَلَى بَعْضٍ
দুটি উদ্যান, একটি ডানদিকে, একটি বামদিকে	جَنَّاتٍ عَن يَمِينٍ وَشِمَالٍ
আব্রাহাম মানুষের জন্য দুটি হৃদয় স্থাপন করেননি	مَا جَعَلَ اللَّهُ لِرَجُلٍ مِّن قَلْبَيْنِ
আপনি তাদের কাছে দু ব্যক্তির উদাহরণ বর্ণনা করুন	وَاضْرِبْ لَهُم مَّثَلًا رَّجُلَيْنِ
আমি রাত্রি ও দিনকে দুটি নিদর্শন করেছি	وَجَعَلْنَا اللَّيْلَ وَالنَّهَارَ آيَاتَيْنِ
যে ব্যক্তি তার পালনকর্তার সামনে পেশ হওয়ার ভয় রাখে, তার জন্যে রয়েছে দু'টি উদ্যান	وَلِمَن خَافَ مَقَامَ رَبِّهِ جَنَّاتٍ

## ২। কুরআনীয় শব্দার্থঃ দেহ ও অঙ্গপ্রত্যঙ্গ

দেহ, আকৃতি	جِسْمٌ (ج) أَجْسَامٌ، بَدَنٌ، جَسَدٌ
কান	أُذُنٌ (ج) آذَانٌ
নাক	أَنْفٌ
শুঁড়, নাক	خُرْطُومٌ
গর্ভ; পেট, অভ্যন্তর	بَطْنٌ (ج) بُطُونٌ
আঙ্গুল	إِصْبَعٌ (ج) أَصَابِعٌ
আঙ্গুল, আঙ্গুলের অগ্রভাগ	أَنْمِلَةٌ (ج) أَنْمِلٌ
আঙ্গুল, আঙ্গুলের ডগা	بَنَانَةٌ (ج) بَنَانٌ
পাঁজরের হাড়, কণ্ঠস্থ হাড়	تَرَبِيَّةٌ (ج) تَرَائِبٌ

কণ্ঠ হাড়, গলার উপরের অংশ	تَرْفُوءٌ (ج) تَرَاقٍ
কপাল	جَبِينٌ، جَبْهَةٌ (ج) جِبَاهٌ
চামড়া	جِلْدٌ (ج) جُلُودٌ
চামড়া/ মাথার চামড়া/ হাত-পা	شَوَاهٌ (ج) شَوَى
লাল চামড়া/ গলিত চর্বি	دِهَانٌ
ডানা, বাহু, হাত	جَنَاحٌ (ج) أَجْيَحَةٌ
ঘাড়, গলা	جَيْدٌ
ঘাড়; দাস	رَقَبَةٌ (ج) رِقَابٌ
ঘাড়, গর্দান, গলা	عُنُقٌ (ج) أَعْنَاقٌ
কণ্ঠনালী, খাদ্যনালী, গলা	حُلُقُومٌ
কণ্ঠনালী, গলা	حَنْجَرَةٌ (ج) حَنَاجِرٌ
অল্প, নাড়িভুঁড়ি	حَوِيَّةٌ (ج) حَوَايَا، أَمْعَاءٌ
গাল, গণ্ড	خَدٌّ
অশ্রু	دَمْعٌ
রক্ত	دَمٌ (ج) دِمَاءٌ
চিবুক, খুতনি	ذَفْنٌ (ج) أَذْقَانٌ
মাথা; মূলধন	رَأْسٌ (ج) رُؤُوسٌ
দাঁত	سِنَّ
পা	رِجْلٌ (ج) أَرْجُلٌ، قَدَمٌ (ج) أَقْدَامٌ

পা, পায়ের নলা; কাণ্ড	سَاقٌ (ج) سُوْقٌ
পায়ের টাখনু	كَعْبٌ
ঠোঁট	شَفَةٌ
হাড়	عِظَامٌ (ج) عِظَامٌ
রঙ্গীন পশম	عَيْنٌ
পশম	صُوفٌ (ج) أَصْوَابٌ
লোম	وَبْرٌ (ج) أَوْبَارٌ
চুল	شَعْرٌ (ج) أَشْعَارٌ
চোখ; দৃষ্টি	عَيْنٌ (ج) أَعْيُنٌ
চর্বি	شَحْمٌ (ج) شُحُومٌ
মেরুদণ্ড, শিরদাঁড়া, পিঠ	صُلْبٌ (ج) أَصْلَابٌ
পিঠ	ظَهْرٌ (ج) ظُهُورٌ
নখ	ظُفْرٌ
গোবর	قَرْتٌ
মুখ	فُوهُ (ج) أَفْوَاهٌ
হাতের তালু	كَفٌ
কনুই; সাহায্য, উপায়	مِرْفَقٌ (ج) مِرْفِقٌ
হাত; ক্ষমতা; দখল	يَدٌ (ج) أَيْدٍ
দাড়ি	حَيْئَةٌ

জিহ্বা; ভাষা, কথা	لِسَانٌ (ج) أَلْسِنَةٌ
বীর্য	مَيِّ
চুলের মুঠি, মাথার সামনের চুল	نَاصِيَةٌ (ج) نَوَاصٍ
ঘাড়ের রগ, হৃদপিণ্ডের প্রধান ধমনী	وَتَيْنٌ
গ্রীবাস্থ শিরা, ঘাড়ের রগ	وَرِيدٌ
চেহারা; প্রথম অংশ (৩:৭২)	وَجْهٌ (ج) وُجُوهُ

### ৩। কুরআনীয় শব্দার্থঃ আসবাবপত্র ও বাড়িঘর

বাসস্থান, বাসগৃহ, আবাসগৃহ	مَسْكَنٌ (ج) مَسَاكِينُ
ঘরবাড়ি, বাসস্থান, শহর, অঞ্চল	دَارٌ (ج) دِيَارٌ
ঘর, গৃহ, বাড়ি	بَيْتٌ (ج) بُيُوتٌ
ছাদ, চালা	بِنَاءٌ
ছাদ, ছাউনি, চালা	سَقْفٌ (ج) سُقُفٌ، سَمَكٌ
দুর্গ, প্রাসাদ, গ্রহ, রাশিচক্র (১৫:১৬)	بَرْجٌ (ج) بُرُوجٌ
দুর্গ, সুরক্ষিত কেল্লা	حِصْنٌ (ج) حُصُونٌ
দুর্গ, কেল্লা	صِيصَةٌ (ج) صِيَاصٍ
দেয়াল, প্রাচীর	جِدَارٌ (ج) جُدُرٌ
প্রাচীর, দেয়াল, নগরপ্রাচীর	سُورٌ
প্রাচীর, বাধা, অন্তরাল	سَدٌّ

অটল প্রাচীর, সুদৃঢ় প্রাচীর, মজবুত দেয়াল	رَدْمٌ
সুড়ঙ্গ	نَفَقٌ
সুড়ঙ্গ, মরীচিকার মত	سَرَبٌ
সিঁড়ি	سُلَّمٌ
সিঁড়ি, উর্ধ্বসিঁড়ি	مَعْرَجٌ (ج) مَعَارِجُ
প্রাসাদ, অট্টালিকা, ভবন	قَصْرٌ (ج) قُصُورٌ، صَرْحٌ
দুর্গ, প্রাসাদ	مَصْنَعٌ (ج) مَصَانِعُ
কারাগার	سِجْنٌ، حَصِيرٌ
স্তম্ভ, খুঁটি, উঁচু গঠন	عَمَدٌ، عِمَادٌ
খুঁটি, পেরেক	وَتْدٌ (ج) أَوْتَادٌ
পেরেক	دِسَارٌ (ج) دُسَرٌ
বেষ্টনী, তাঁবু	سُرَادِقٌ
তাঁবু	خَيْمٌ (ج) خِيَامٌ
নিত্য ব্যবহার্য্য বস্তু	مَاعُونٌ
বিছানা, আসন, বিস্তৃত	فِرَاشٌ (ج) فُرُشٌ
বিছানা, বিস্তৃত; অবস্থানস্থল (৩:১২)	مِهَادٌ
বিছানা, বিস্তৃত, সমান	بِسَاطٌ
শয্যা	مَضْجَعٌ (ج) مَضَاجِعُ
সিংহাসন, মসনদ	أَرِيكَةٌ (ج) أَرَائِكُ

খাট, সিংহাসন	سَرِيرٌ (ج) سُرُرٌ
সিংহাসন; ছাদ (২২:৪৫); আল্লাহর আরশ (১৩:২)	عَرْشٌ (ج) عُرُوشٌ
সিংহাসন; আল্লাহর কুরসি (২:২৫৫)	كُرْسِيِّ
ভোগ্যসামগ্রী, মালামাল, সম্পত্তি, পুঁজি	مَتَاعٌ (ج) أَمْئِنَةٌ
সম্পদ, সামগ্রী	عَرَضٌ
আসবাবপত্র, সামগ্রী	أَنْثَاءٌ، أَنْثَاءٌ
মালামাল, আসবাবপত্র, পাথের	جَهَازٌ
মূলধন, পুঁজি, সামগ্রী, আসবাবপত্র	بِضَاعَةٌ
বড় পাত্র, গামলা	جَفْنَةٌ (ج) جِفَانٌ
থালা	صَحْفَةٌ (ج) صَحَافٌ
পাত্রবাসন	إِنَاءٌ (ج) إِنِيَّةٌ
ডেগ, ডেকচি	قَدْرٌ (ج) قُدُورٌ
পুকুর, চৌবাচ্চা	جَابِيَةٌ (ج) جَوَابٍ
কোমল গদির মসনদ, কুশন	رَفْرَفَةٌ (ج) رَفْرَفٌ
গালিচা, গদি, কোল বালিশ	نُمرُقَةٌ (ج) نَمَارِقُ
গালিচা	عَبْقَرِيٌّ، زَرْبِيَّةٌ (ج) زَرَابِيٌّ
গলিত সীসা, উত্তপ্ত ঘন কালো তেল	مُهْلٌ
গলিত তামা	قَطْرٌ

দীপাধার, চেরাগদানী	مِشْكَاةٌ
প্রদীপ, বাতি	مِصْبَاحٌ (ج) مَصَابِيحُ
বাতি, প্রদীপ	سِرَاجٌ
কাঁচের পাত্র	زُجَاجَةٌ
কাঁচ; কাঁচের পাত্র (৭৬:১৫)	قَوَارِيرٌ

### ৪। কুরআনীয় শব্দার্থঃ যানবাহন

নৌকা	فُلٌ
নৌকা, জাহাজ	سَفِينَةٌ
নৌযান, প্রবাহমান	جَارِيَةٌ (ج) جَارِيَاتٌ، جَوَارٍ



## الجمع - ০৫ অধ্যায়

আরবীতে বহুবচন দুপ্রকার। ১। الجمع السالم সুগঠিত বহুবচন ২। جمع التذكير ভঙ্গুর বহুবচন।

### ১। পুরুষবাচক সুগঠিত বহুবচন الجمع المذكر السالم

مَنْصُوبٌ + مَجْرُورٌ	مَرْفُوعٌ	مَرْفُوعٌ
مُسْلِمِينَ	مُسْلِمُونَ	مُسْلِمٌ
মুসলিমদের/মুসলিমদেরকে	মুসলিমগণ	একজন মুসলিম
مُؤْمِنِينَ	مُؤْمِنُونَ	مُؤْمِنٌ
বিশ্বাসীদের/ বিশ্বাসীদেরকে	বিশ্বাসীগণ	একজন বিশ্বাসী
مُنَافِقِينَ	مُنَافِقُونَ	مُنَافِقٌ
কপটদের/ কপটদেরকে	কপটরা	একজন কপট
قَانِتِينَ	قَانِتُونَ	قَانِتٌ
অনুগতদের/ অনুগতদেরকে	অনুগতরা	একজন অনুগত
صَادِقِينَ	صَادِقُونَ	صَادِقٌ
সত্যবাদীদের/ সত্যবাদীদেরকে	সত্যবাদীগণ	একজন সত্যবাদী
صَابِرِينَ	صَابِرُونَ	صَابِرٌ
ধৈর্যশীলদের/ ধৈর্যশীলদেরকে	ধৈর্যশীলগণ	একজন ধৈর্যশীল

## ২। জমীবাচক সুগঠিত বহুবচন الْجَمْعُ الْمَوْثِقُ السَّلَامُ

مَنْصُوبٌ + مَجْرُورٌ	مَرْفُوعٌ	مَرْفُوعٌ
مُسْلِمَاتٍ	مُسْلِمَاتٌ	مُسْلِمَةٌ
মুসলিমাদের/মুসলিমাদেরকে	মুসলিমাগণ	একজন মুসলিমাহ
مُؤْمِنَاتٍ	مُؤْمِنَاتٌ	مُؤْمِنَةٌ
বিশ্বাসীন্দেব/ বিশ্বাসীন্দেবকে	বিশ্বাসীন্দীগণ	একজন বিশ্বাসীন্দী
مُنَافِقَاتٍ	مُنَافِقَاتٌ	مُنَافِقَةٌ
কপট নারীদেব/ কপট নারীদেবকে	কপট নারীরা	একজন কপট নারী
جَنَّاتٍ	جَنَّاتٌ	جَنَّةٌ
বাগানগুলিদেব/ বাগানগুলিকে	বাগানগুলো	একটি বাগান
طَالِبَاتٍ	طَالِبَاتٌ	طَالِبَةٌ
ছাত্রীদেব/ছাত্রীদেবকে	ছাত্রীরা	একজন ছাত্রী
قَانِنَاتٍ	قَانِنَاتٌ	قَانِنَةٌ
অনুগত নারীদেব/ অনুগত নারীদেবকে	অনুগত নারীরা	একজন অনুগত নারী
صَادِقَاتٍ	صَادِقَاتٌ	صَادِقَةٌ
সত্যবাদী নারীদেব/ সত্যবাদী নারীদেবকে	সত্যবাদী নারীরা	একজন সত্যবাদী নারী

## কুরআনীয় উদাহরণ

নিশ্চয় মুসলমান পুরুষ, মুসলমান নারী, ঈমানদার পুরুষ, ঈমানদার নারী, অনুগত পুরুষ, অনুগত নারী, সত্যবাদী পুরুষ, সত্যবাদী নারী, ধৈর্য্যশীল পুরুষ, ধৈর্য্যশীল নারী, বিনীত পুরুষ, বিনীত নারী, দানশীল পুরুষ, দানশীল নারী, রোযা পালনকারী পুরুষ, রোযা পালনকারী নারী, যৌনাঙ্গ হেফায়তকারী পুরুষ, , যৌনাঙ্গ হেফায়তকারী নারী, আল্লাহর অধিক যিকরকারী পুরুষ ও যিকরকারী নারী-তাদের জন্য আল্লাহ প্রস্তুত রেখেছেন ক্ষমা ও মহাপুরস্কার।

তারা তওবাকারী, এবাদতকারী, শোকরগোয়ার, (দুনিয়ার সাথে) সম্পর্কচ্ছেদকারী, রুকু ও সিজদা আদায়কারী, সৎকাজের আদেশ দানকারী ও মন্দ কাজ থেকে নিবৃত্তকারী এবং আল্লাহর দেওয়া সীমাসমূহের হেফায়তকারী। বস্তুতঃ সুসংবাদ দাও ঈমানদারদেরকে। (৯: ১১২)

ও জান্নাত সমূহ, যার তলদেশে প্রবাহিত হচ্ছে প্রস্রবণ

পৃথক পৃথক উপাস্য ভাল, নাকি আল্লাহ?

নিজ নিজ মতবাদ নিয়ে আনন্দিত

আর নিঃসন্দেহে বহু লোক আমার নিদর্শনের প্রতি বেখেয়াল

إِنَّ الْمُسْلِمِينَ وَالْمُسْلِمَاتِ وَالْمُؤْمِنِينَ  
وَالْمُؤْمِنَاتِ وَالْقَانِتِينَ وَالْقَانِتَاتِ  
وَالصَّادِقِينَ وَالصَّادِقَاتِ وَالصَّابِرِينَ  
وَالصَّابِرَاتِ وَالْخَاشِعِينَ وَالْخَاشِعَاتِ  
وَالْمُتَّصِقِينَ وَالْمُتَّصِقَاتِ وَالصَّائِمِينَ  
وَالصَّائِمَاتِ وَالْحَافِظِينَ فُرُوجَهُمْ وَالْحَافِظَاتِ  
وَالذَّاكِرِينَ اللَّهَ كَثِيرًا وَاللَّذَاكِرَاتِ أَعَدَّ اللَّهُ  
لَهُمْ مَغْفِرَةً وَأَجْرًا عَظِيمًا

التَّائِبُونَ الْعَابِدُونَ الْحَامِدُونَ السَّاجِدُونَ  
الرَّاكِعُونَ السَّاجِدُونَ الْأَمْرُونَ بِالْمَعْرُوفِ  
وَالنَّاهُونَ عَنِ الْمُنْكَرِ وَالْحَافِظُونَ لِحُدُودِ  
اللَّهِ وَبَشِّرِ الْمُؤْمِنِينَ

وَجَنَّاتٍ تَجْرِي مِنْ تَحْتِهَا الْأَنْهَارُ

أَأَرْبَابٌ مُتَفَرِّقُونَ خَيْرٌ أَمْ اللَّهُ

بِمَا لَدَيْهِمْ فَرِحُونَ

وَإِنَّ كَثِيرًا مِنَ النَّاسِ عَنْ آيَاتِنَا لَغَافِلُونَ

## ৩। ভঙ্গুর বহুবচন التَّكْسِيرِ

এক্ষেত্রে মূল শব্দ ভেঙ্গে যায়। এর বিভিন্ন গঠন আছে।

অর্থ	الْجَمْعُ	الْمُفْرَدُ	গঠন
পরিবার	أُسْرَةٌ	أُسْرَةٌ	
রুম	عُرْفٌ	عُرْفَةٌ	فُعْلٌ
বাক্য	جُمْلٌ	جُمْلَةٌ	
প্রশ্ন	أَسْئَلَةٌ	سُؤَالٌ	أَفْعَلَةٌ
উত্তর	أَجْوِبَةٌ	جَوَابٌ	
বালক	أَوْلَادٌ	وَلَدٌ	
নদী	أَنْهَارٌ	نَهْرٌ	أَفْعَالٌ
রব	أَرْبَابٌ	رَبٌّ	
দৃষ্টি	أَبْصَارٌ	بَصْرٌ	
ফ্যাক্টরি	مَصَانِعٌ	مَصْنَعٌ	مَفَاعِلٌ
স্কুল	مَدَارِسٌ	مَدْرَسَةٌ	
জ্ঞানী	حُكَمَاءٌ	حَكِيمٌ	فُعَلَاءٌ
অপরিচিত	عُرَبَاءٌ	عَرِيبٌ	
আত্মীয়	أَقْرَبَاءٌ	قَرِيبٌ	
ধনী	أَغْنِيَاءٌ	غَنِيٌّ	أَفْعَلَاءٌ
নবী	أَنْبِيَاءٌ	نَبِيٌّ	

জিহ্বা	أَلْسُنٌ	لِسَانٌ	
মাস	أَشْهُرٌ	شَهْرٌ	أَفْعُلٌ
পা	أَرْجُلٌ	رِجْلٌ	
বাড়ি	بُيُوتٌ	بَيْتٌ	فُعُولٌ
মাস	شُهُورٌ	شَهْرٌ	
শহর	مُدُنٌ	مَدِينَةٌ	
বই	كُتُبٌ	كِتَابٌ	فُعُلٌ
রসূল	رُسُلٌ	رَسُولٌ	
যুবক	فِتْيَةٌ	فَتًى	فِعْلَةٌ
ভাই	إِخْوَةٌ	أَخٌ	
লেখক	كُتَّابٌ	كَاتِبٌ	فُعَّالٌ
পাঠক	قُرَّاءٌ	قَارِئٌ	
দেশ	بِلَادٌ	بَلَدٌ	فِعَّالٌ
লোক	رِجَالٌ	رَجُلٌ	

### কুরআনীয় উদাহরণ

আর ঐ দিনগুলো	وَتِلْكَ الْأَيَّامُ
এবং পর্বতমালাকে পেরেক	وَالْجِبَالِ أَوْتَادًا
এবং বহু কীলকের অধিপতি ফেরাউনের সাথে	وَفِرْعَوْنَ ذِي الْأُتَادِ

অবশ্যই <b>বহু</b> নবীকে মিথ্যা প্রতিপন্ন করা হয়েছে	فَقَدْ كَذَّبَ رُسُلٌ
তাদের রয়েছে <b>অন্তর</b>	لَهُمْ قُلُوبٌ
অতঃপর তা হবে <b>বহু</b> দরজা	فَكَانَتْ أَبْوَابًا
এবং মানুষের <b>বহুবিধ</b> উপকার	وَمَنَافِعُ لِلنَّاسِ
সে কি <b>বহু</b> ইলাহকে এক ইলাহ বানিয়েছে?	أَجَعَلَ الْآلِهَةَ إِلَهًا وَاحِدًا

### ৪। কুরআনীয় শব্দার্থঃ পশুপাখি ও কীটপতঙ্গ

গৃহপালিত চতুষ্পদ পশু	بَهِيمَةً (ج) بَهَائِمٌ
গৃহপালিত পশু	نَعَمٌ (ج) أَنْعَامٌ
বন্যপশু, হিংস্রপ্রাণী	وَحْشٌ (ج) وَحُوشٌ، سَبْعٌ
গরু, গাভী	بَقَرٌ، بَقْرَةٌ (ج) بَقَرَاتٌ
গরুর বাছুর	عَجَلٌ
হাতী	فَيْلٌ
সিংহ	قَسْوَرَةٌ
উট	إِبِلٌ، جَمَلٌ (ج) جِمَالَةٌ، بَعِيرٌ
উটনী	نَاقَةٌ
দশ মাসের গর্ভবতী উষ্ট্রী	عِشْرَاءُ (ج) عِشْرَاءُ
শীর্ণকায় উট	صَامِرٌ
পিপাসার্ত উট	هِيمٌ

দ্রুতগামী ঘোড়া	جَوَادٌ (ج) جِيَادٌ
ঘোড়া	خَيْلٌ
উৎকৃষ্ট জাতের ঘোড়া	صَافِنَةٌ (ج) صَافِنَاتٌ
শূকর	خِنْزِيرٌ (ج) خِنَازِيرُ
প্রাণী, জীব	دَابَّةٌ (ج) دَوَّابٌ
নেকড়ে	ذئبٌ
ভারবাহী জন্তু	حَمُولَةٌ
গাধা	حِمَارٌ (ج) حُمُرٌ، حَمِيرٌ
খচ্চর	بَعْلٌ (ج) بَعَالٌ
শিকারী প্রাণী	جَارِحَةٌ (ج) جَوَارِحُ
কুকুর	كَلْبٌ
ভেড়া	نَعَجَةٌ (ج) نِعَاجٌ، ضَأْنٌ
ছাগল	مَعَزٌ
ভেড়া, ছাগল	عَنَمٌ
বানর	قِرْدَةٌ (ج) قِرَدَةٌ
পাখি	طَيْرٌ
পাখি; অশুভ লক্ষণ	طَائِرٌ
কাক	عُرَابٌ
পতঙ্গ, প্রজাপতি	فَرَّاشٌ

অজগর সাপ	تُعْبَانٌ
সাপ	حَيَّةٌ
পঙ্গপাল	جَرَادَةٌ (ج) جَرَادٌ
মাছ	حُوتٌ (ج) حَيْتَانٌ، نُونٌ
ব্যাঙ	ضِفْدَعٌ (ج) ضَفَادِعُ
মাকড়সা	عَنْكَبُوتٌ
উকুন	قُمَّلَةٌ (ج) قُمَّلٌ
মশা	بَعُوضَةٌ
মাছি	دُبَابٌ
মৌমাছি	نَحْلٌ
পিঁপড়া	نَمْلَةٌ، نَمَلٌ

### ৫। কুরআনীয় শব্দার্থঃ শস্য এবং উদ্ভিদ

বৃক্ষ, গাছ	شَجَرَةٌ (ج) شَجَرٌ
উদ্ভিদ, ঘাস	أَبٌ
উদ্ভিদ, ফসল	نَبَاتٌ
ফসল, উদ্ভিদ, শাকসবজি	زَرْعٌ (ج) زُرُوعٌ
ঝাউগাছ, নিখুঁত বৃক্ষ	أَثْلٌ
মূল, গোড়া, শিকড়	أَصْلٌ (ج) أَصُولٌ



মূল, শিকড়	دَابِرٌ
গাছের গুঁড়ি, কাণ্ড	جَذْعٌ (ج) جُذُوعٌ
গাছের গুঁড়ি, কাণ্ড	عَجَزٌ (ج) أَعْجَازٌ
একই মূল থেকে উদ্গত, দুই শাখাবিশিষ্ট	صِنُونٌ (ج) صِنُونٌ
পাতা	وَرَقَةٌ (ج) وَرَقٌ
শাখা-প্রশাখা	فَرْعٌ، فَرْعٌ (ج) أَفْئَانٌ، شُعْبَةٌ (ج) شُعَبٌ
খেজুরের মোচা	طَلْعٌ
কাঁদি, গুচ্ছ, থোকা	فِنُونٌ (ج) فِنُونٌ
চারা, কুঁড়ি	شَطَأٌ
আঁটি, খেজুরের আঁটি, বিচি	نَوَاةٌ (ج) نَوَى
শস্যের শীষ, মুকুল	سُنْبُلٌ (ج) سَنَايِلٌ، سُنْبَلَةٌ (ج) سُنْبَلَاتٌ
ফল, ফসল, ফলমূল	ثَمْرَةٌ، ثَمْرٌ (ج) ثَمَرَاتٌ، فَاكِهَةٌ (ج) فَوَاكِهُ
পাকা ফল, পরিপক্ব	جَنَى
ফলের গুচ্ছ, থোকা	قِطْفٌ (ج) قِطُوفٌ
দানা, বীজ, শস্য	حَبٌّ، حَبَّةٌ
শস্যের খোসা, বোঁড়ো হাওয়া	عَصْفٌ
আবরণ, খোসা	كِمٌّ (ج) أَكْمَامٌ
আঙ্গুর	عِنَبٌ، عِنَبَةٌ (ج) أَعْنَابٌ
পাকা খেজুর	رُطْبٌ

খেজুর	نَخْلٌ، نَخْلَةٌ، نَخِيلٌ
আদা	رَنْجَبِيلٌ
সরিষা	خَرْدَلَةٌ (ج) خَرْدَلٌ
জলপাইয়ের তেল	زَيْتٌ
ডাল, মসুর	عَدَسٌ
ডুমুর	تَيْنٌ
পিঁয়াজ	بَصَلٌ
শাকসবজি, তরকারি	بَقْلٌ، قَضْبٌ
লতাবিশিষ্ট কুমড়া/ লাউ জাতীয় গাছ	يَقْطِيبٌ
কলা গাছ	طَلْحٌ
সতেজ খেজুর গাছ	لَيْنَةٌ
খেজুরের ডাল	عُرْجُونٌ
আনার, ডালিম	رُمَّانٌ
সুগন্ধি গাছ	رَيْحَانٌ
জাহান্নামের গাছ	زَقُومٌ
জয়তুন, জলপাই	زَيْتُونٌ، زَيْتُونَةٌ
কাঁটায়ুক্ত ঘাস	صَرِيْعٌ
বরই গাছ	سِدْرَةٌ، سِدْرٌ

## অধ্যায় -০৬ الضَّمِيرُ

### ১। সর্বনাম الضَّمِيرُ

নামের পরিবর্তে যা আসে তাই সর্বনাম। যেমনঃ সে, তার, তাকে, তুমি, আমি, আমার, আমাকে ইত্যাদি। আরবীতে সর্বনামকে বলা হয় **ضَمِيرٌ**। এরা দুই প্রকার।

যুক্ত সর্বনাম الضَّمِيرُ الْمُتَّفَصِّلُ (শব্দের সাথে যুক্ত না হয়ে মুক্তাবস্থায় বসে)

هُمَّ	هُمَا	هُوَ
তারা (ছেলে)	তারা দুজন (ছেলে)	সে (ছেলে)
هُنَّ	هُمَا	هِيَ
তারা (মেয়ে)	তারা দুজন (মেয়ে)	সে (মেয়ে)
أَنْتُمْ	أَنْتُمَا	أَنْتَ
তোমরা (ছেলে)	তোমরা দুজন (ছেলে)	তুমি (ছেলে)
أَنْتُنَّ	أَنْتُمَا	أَنْتِ
তোমরা (মেয়ে)	তোমরা দুজন (মেয়ে)	তুমি (মেয়ে)
نَحْنُ	نَحْنُ	أَنَا
আমরা (মেয়ে/ছেলে)	আমরা দুজন (মেয়ে/ছেলে)	আমি (মেয়ে/ছেলে)

যুক্ত সর্বনাম الضَّمِيرُ الْمُتَّصِلُ (ইসম, হারফ বা ক্রিয়ার সাথে যুক্তাবস্থায় বসে)

هُمَّ	هُمَا	هُ
তাদের/তাদেরকে	তাদের দুজনের/তাদের দুজনকে	তার/তাকে
هُنَّ	هُمَا	هَا
তাদের/তাদেরকে	তাদের দুজনের/তাদের দুজনকে	তার/তাকে

كُم	كُمَا	كَ
তোমাদের/তোমাদেরকে	তোমাদের দুজনের/তোমাদের দুজনকে	তোমার/তোমাকে
كُنَّ	كُمَا	كَ
তোমাদের/তোমাদেরকে	তোমাদের দুজনের/তোমাদের দুজনকে	তোমার/তোমাকে
نَا	نَا	ي
আমাদের/আমাদেরকে	আমাদের দুজনের/আমাদের দুজনকে	আমার/আমাকে

### ইসমের সাথে যুক্ত সর্বনাম

بَيْتُهُمْ	بَيْتُهُمَا	بَيْتُهُ
তাদের বাড়ি	তাদের দুজনের বাড়ি	তার বাড়ি
بَيْتُهُنَّ	بَيْتُهُمَا	بَيْتُهَا
তাদের বাড়ি	তাদের দুজনের বাড়ি	তার বাড়ি
بَيْتُكُمْ	بَيْتُكُمَا	بَيْتُكَ
তোমাদের বাড়ি	তোমাদের দুজনের বাড়ি	তোমার বাড়ি
بَيْتُكُنَّ	بَيْتُكُمَا	بَيْتُكَ
তোমাদের বাড়ি	তোমাদের দুজনের বাড়ি	তোমার বাড়ি
بَيْتُنَا	بَيْتُنَا	بَيْتِي
আমাদের বাড়ি	আমাদের দুজনের বাড়ি	আমার বাড়ি

### হারফের সাথে যুক্ত সর্বনাম

مِنْهُمْ	مِنْهُمَا	مِنْهُ
তাদের থেকে	তাদের দুজন থেকে	তার থেকে

مِنْهُنَّ	مِنْهُمَا	مِنْهَا
তাদের থেকে	তাদের দুজন থেকে	তার থেকে
مِنْكُمْ	مِنْكُمَا	مِنْكَ
তোমাদের থেকে	তোমাদের দুজন থেকে	তোমার থেকে
مِنْكُنَّ	مِنْكُمَا	مِنْكِ
তোমাদের থেকে	তোমাদের দুজন থেকে	তোমার থেকে
مِنَّا	مِنَّا	مِنِّي
আমাদের থেকে	আমাদের দুজন থেকে	আমার থেকে

### ক্রিয়ার সাথে যুক্ত সর্বনাম

رَأَيْتُهُمْ	رَأَيْتُهُمَا	رَأَيْتَهُ
তাদেরকে দেখেছিলাম	তাদের দুজনকে দেখেছিলাম	তাকে দেখেছিলাম
رَأَيْتُهُنَّ	رَأَيْتُهُمَا	رَأَيْتَهَا
তাদেরকে দেখেছিলাম	তাদের দুজনকে দেখেছিলাম	তাকে দেখেছিলাম
رَأَيْتُكُمْ	رَأَيْتُكُمَا	رَأَيْتُكَ
তোমাদেরকে দেখেছিলাম	তোমাদের দুজনকে দেখেছিলাম	তোমাকে দেখেছিলাম
رَأَيْتُكُنَّ	رَأَيْتُكُمَا	رَأَيْتُكِ
তোমাদেরকে দেখেছিলাম	তোমাদের দুজনকে দেখেছিলাম	তোমাকে দেখেছিলাম
رَأَيْتَنَا	رَأَيْتَنَا	رَأَيْتَنِي
আমাদেরকে দেখেছিলে	আমাদের দুজনকে দেখেছিলে	আমাকে দেখেছিলে

## কুরআনীয় উদাহরণ

তিনিই আল্লাহ	هُوَ اللَّهُ
এবং তুমি মুক্ত	وَأَنْتَ حِلٌّ
এবং তোমরা নও এবাদতকারী	وَلَا أَنْتُمْ عَابِدُونَ
এবং আমি নই এবাদতকারী	وَلَا أَنَا عَابِدٌ
আমরা মিমাংসাকারী	فَخَنُ مُضْلِحُونَ
ধর তাকে, অতঃপর তাকে বেড়ি পরাও	خُذُوهُ فَعَلُّوهُ
এবং তাদের ওয়াদা রক্ষাকারী	وَعَاهِدِهِمْ رَاعُونَ
তোমার স্মরণ উন্নত করেছি	وَرَفَعْنَا لَكَ ذِكْرَكَ
তোমাদের রবের এবাদত কর	اعْبُدُوا رَبَّكُمْ
এবং নামায পড় আমার স্মরণার্থে	وَأَقِمِ الصَّلَاةَ لِذِكْرِي
আমাদের রব! আমাদের দাও	رَبَّنَا آتِنَا
সেটা কি?	مَا هِيَ

## ২। কুরআনীয় শব্দার্থঃ খাদ্য ও পানীয়

দুধ	لَبَنٌ
মাংস	لَحْمٌ (ج) لَحُومٌ
রুটি	خُبْزٌ

ফল, খাদ্য	أَكْلٌ
আহার্য, খাদ্য	قُوْتٌ (ج) أَقْوَاتٌ
মধু	عَسَلٌ
গম/রসুন	فُؤْمٌ
শসা	قِتَاءٌ
পানি	مَاءٌ
মদ	خَمْرٌ، سَكْرٌ
বিশুদ্ধ পানীয়	رَحِيقٌ
তেল	دُهْنٌ
পানীয়, শরবত	شَرَابٌ
জান্নাতি হালুয়া	الْمَنْ
জান্নাতি পাখির গোশত	السَّلْوَى

### ৩। কুরআনীয় শব্দার্থঃ প্রকৃতি ও আবহাওয়া

পৃথিবী	عَالَمٌ (ج) عَالَمُونَ
স্থল	بَرٌّ
শহর, ভূমি, গ্রাম	بَلَدٌ (ج) بِلَادٌ، بِلْدَةٌ
মদীনা, শহর, নগর	مَدِينَةٌ
শহর, নগর, গ্রাম	مِصْرٌ

গ্রাম, জনপদ	قَرْيَةٌ (ج) قُرَى
পাহাড়	جَبَلٌ (ج) جِبَالٌ، طَوْدٌ
পাহাড়	عَلَمٌ (ج) أَعْلَامٌ
পাহাড়; সুস্থির, অনড় (৩৪:১৩)	رَأْسٌ (ج) رَوَاسٍ (ج) رَاسِيَّاتٌ
পাহাড়ের পার্শ্ব	صَدْفٌ
নদী, বর্ণা	نَهْرٌ (ج) أَنْهَارٌ
স্রোতধারা; উপত্যকা	وَادٍ (ج) أَوْدِيَةٌ
ঝরণা	سَرِيٌّ، عَيْنٌ (ج) عُيُونٌ
গভীর জলাশয়, পুকুর	حُجَّةٌ
ঝরণা, ফোয়ারা, প্রস্রবণ	يَنْبُوعٌ (ج) يَنْبِيعٌ
উচ্ছসিত, উদ্বেলিত উচ্ছলিত ঝরণা	نَضَاحَةٌ
বর্ণা, প্রস্রবণ, প্রবাহমান পানি	مَعِينٌ
সমুদ্র	بَحْرٌ (ج) بَحَارٌ، أَبْحُرٌ
সমুদ্র, জলাশয়	يَمٌّ
মাটি	تُرَابٌ، طِينٌ
পচাকাদা, কদমাজ	حَمًّا، حَمِيَّةٌ
শুকনো কাদা	صَلْصَالٌ
পোড়ামাটি	فَخَّارٌ
মাটি; ভূপৃষ্ঠ, মাঠ (১৮:৪০)	صَعِيدٌ



শক্ত কাদামাটি, কঙ্কর	سَجِيلٌ
মসৃণ রপরিষ্কা	صَلْدٌ
পিচ্ছিল, বিরান	زَلَقٌ
মসৃণ, পরিষ্কার	صَفْصَفٌ
উঁচুভূমি, টিলা	رَبْوَةٌ
টিলা, বন্ধুর, অসমতল	أَمْتٌ
গিরিপথ, প্রতিবন্ধকতা, উঁচু টিলা, পার্বত্য ঘাঁটি	عَقَبَةٌ
টিলা, মালভূমি, উচ্চস্থান	حَدَبٌ
টিলা, পাহাড়, উচ্চস্থান	رِيعٌ
প্রান্ত, রাকিনা	شَفَا
কিনারা, প্রান্ত, দিক	ظَرْفٌ (ج) أَظْرَافٌ
কিনারা, প্রান্ত, পার্শ্ব দেওয়াল	رَجَا (ج) أَرْجَاءٌ
প্রান্ত, কিনারা, পার্শ্ব	شَاطِئٌ
প্রান্ত, কিনারা	عُدْوَةٌ
প্রান্তকিনারা / ঠুনকো/ দ্বিধা	حَرْفٌ
প্রান্ত, কিনারা, অজপাড়া গাঁ	فُظْرٌ (ج) أَفْطَارٌ
কিনারা, তট, সমুদ্রের তীর	سَاحِلٌ
গর্ত, কূপ, খাদ	حُفْرَةٌ
গর্ত, স্রোতে কাটা গর্ত	جُرْفٌ

গভীর গর্ত, গুহা	أُخْدُوْدٌ
নরম সমভূমি	سَهْلٌ (ج) سُهُوْلٌ
সমতল ময়দান, সরলপ্রান্তর	سَاهِرَةٌ
সমভূমি, সমতল	سُوْىٌ، بَارِرَةٌ
বিস্তীর্ণ প্রান্তর, উন্মুক্ত প্রান্তর	عَرَاءٌ
মরুভূমি, সমভূমি, সমতলভূমি	قَاعٌ، قَيْعَةٌ
মাটি, পাতাল, রসাতল	ثَرَى
আকাশ	سَمَاءٌ (ج) سَمَاوَاتٌ
কক্ষপথ	حَبَاكٌ (ج) حُبْكٌ
আকাশ, কক্ষপথ	فَلَكَ
পথ, উপায়	سَبِيْلٌ (ج) سُبُلٌ
পথ	صِرَاطٌ
পাথর	حِجَارَةٌ (ج) حَجَرٌ
বড় পাথর	صَخْرٌ، صَخْرَةٌ
মসৃণ পাথর	صَفْوَانٌ
বৃষ্টি, প্রবল বর্ষণ	صَيِّبٌ، وَدْقٌ، غَيْثٌ، مَطَرٌ
প্রবলবর্ষণ	وَإِبِلٌ
ঝিরঝিরে হালকা বৃষ্টি	ظَلٌّ
বজ্রধ্বনি	رَعْدٌ

বজ্রাঘাত; বজ্রধ্বনি, বিকট শব্দ	صَاعِقَةٌ (ج) صَوَاعِقُ
বিজলী	بَرْقٌ
জ্বালানী	وَقُودٌ
ইন্ধন, জ্বালানীকাঠ	حَصَبٌ، حَطْبٌ
কাঠ	خَشَبٌ (ج) خُشْبٌ
জ্বলন্ত কয়লা, জ্বলন্ত অঙ্গুর	جَدْوَةٌ، قَيْسٌ
শৈত্য	صِرٌّ
শৈত্যপ্রবাহ, প্রচন্ড শীত	زَمْهَرِيرٌ
শীতল, ঠাণ্ডা	بَرْدٌ، بَارِدٌ، بَرْدٌ
শীতকাল, শীতের সময়	الشِّتَاءُ
গরম, গ্রীষ্ম, উষ্ণতা, তাপ	حَرٌّ
গরম, গ্রীষ্ম, উষ্ণতা, তাপ	حَرُورٌ
গরমকাল, গ্রীষ্মকাল	الصَّيْفُ
অন্ধকার	ظُلْمَةٌ (ج) ظُلُمَاتٌ، مُظْلِمٌ
ধূলা, মলিনতা	قَتْرٌ، قَتْرَةٌ
অন্ধকারাচ্ছন্ন, অন্ধকার	عَسَقٌ، غَاسِقٌ

## অধ্যায় -০৭     أَسْمَاءُ الْإِشَارَةِ

### ১। ইশারাবাচক বিশেষ্য     أَسْمَاءُ الْإِشَارَةِ

পুরুষবাচক নিকটস্থ কোন কিছুকে নির্দেশ করতে هَذَا (এটা) এবং দূরবর্তী কিছুকে নির্দেশ করতে ذَلِكَ (এটা) ব্যবহৃত হয়। নিচে আমরা পুরুষবাচক কিছু ইসমকে নির্দেশ করা শিখি,

এই বাড়িটি	هَذَا الْبَيْتُ	এই একটি বাড়ি	هَذَا بَيْتٌ
এই চাবিটি	هَذَا الْمِفْتَاحُ	এই একটি চাবি	هَذَا مِفْتَاحٌ
এই দিনটি	هَذَا الْيَوْمُ	এটা একটা দিন	هَذَا يَوْمٌ

স্ত্রীবাচক নিকটস্থ কোন কিছুকে নির্দেশ করতে هَذِهِ (এটা) এবং দূরবর্তী কিছুকে নির্দেশ করতে تِلْكَ (এটা) ব্যবহৃত হয়। নিচে আমরা স্ত্রীবাচক কিছু ইসমকে নির্দেশ করা শিখি,

এই ব্যাগটি	هَذِهِ الْحَقِيْبَةُ	এই একটি ব্যাগ	هَذِهِ حَقِيْبَةٌ
এই গাছটি	هَذِهِ الشَّجَرَةُ	এই একটা গাছ	هَذِهِ شَجَرَةٌ
এই বাগানটি	هَذِهِ الْحَدِيْقَةُ	এই একটি বাগান	هَذِهِ حَدِيْقَةٌ

লিঙ্গ ও বচন ভেদে এর বাকী রূপগুলো

এইগুলো/এইগুলোর/ এইগুলোকে (উভয়)	هَذَانِ / هَذَيْنِ	هَذَا
	এই দুটি/দুটির/দুটিকে (পুং)	এটি/এটির/এটিকে (পুং)
এইগুলো/এইগুলোর/ এইগুলোকে (স্ত্রী)	هَاتَانِ / هَاتَيْنِ	هَذِهِ
	এই দুটি/দুটির/দুটিকে (স্ত্রী)	এটি/এটির/এটিকে (স্ত্রী)

أُولَئِكَ	ذُنُوكَ/ دَيْنِكَ	ذَلِكَ
ঐগুলো/ ঐগুলোর/ ঐগুলোকে (উভয়)	ঐ দুটি/দুটির/দুটিকে (পুং)	ওটি/ওটির/ওটিকে (পুং)
	تَانِكَ/ تَيْنِكَ	تِلْكَ
	ঐ দুটি/দুটির/দুটিকে (স্ত্রী)	ওটি/ওটির/ওটিকে (স্ত্রী)

## কুরআনীয় উদাহরণ

এটা একটা পথ	هُذَا صِرَاطٌ
এই দুই বাদী বিবাদী	هُذَانِ خَصْمَانِ
এই আমার কন্যারা	هُؤُلَاءِ بَنَاتِي
এই জাহান্নাম	هُذِهِ جَهَنَّمُ
এই নদীগুলো	هُذِهِ الْأَنْهَارُ
ওটাই সৎকর্মশীলদের পুরস্কার	ذَلِكَ جَزَاءُ الْمُحْسِنِينَ
এই দুটি প্রমাণ	ذَانِكَ بُرْهَانَانِ
ওরা জাহান্নামের অধিবাসী	أُولَئِكَ أَصْحَابُ الْجَحِيمِ
এবং ওটা একটা নিয়ামত	وَتِلْكَ نِعْمَةٌ
ওটা একটা জাতি	تِلْكَ أُمَّةٌ

## ২। কুরআনীয় শব্দার্থঃ পাপাচার

অপরাধী	مُجْرِمٌ
ব্যভিচারিণী	مُسَافِحَةٌ (ج) مُسَافِحَاتٌ

ব্যভিচারী	زَانٍ، زَانِيَةٌ
ব্যভিচারী, অপবিত্র	بَغِيٌّ
ব্যভিচারী	مُسَافِحٌ (ج) مُسَافِحُونَ
প্ররোচনা দানকারী, কুচক্রী	أَمَارَةٌ
নিন্দুক, পরনিন্দাকারী, কুৎসা রটনাকারী	هُمَزَةٌ، هَمَّازٌ
কটাক্ষকারী, নিন্দুক	لُمَزَةٌ
নিন্দা, কুৎসা	نَمِيمٌ
অধিক গমনকারী	مَشَاءٌ
সীমালঙ্ঘন, অবাধ্যতা	طُغْيَانٌ (طَغَى - يَطْغَى)
অবাধ্যতা, সীমালঙ্ঘন, পাপ	طَاغِيَّةٌ، طُغْوَى
সীমালঙ্ঘন, বাড়াবাড়ি	عُدْوَانٌ، عَدْوٌ (عَدَا - يَعْدُو)
সীমাতিরিক্ত, বাড়াবাড়ি	شَطَطٌ
বাড়াবাড়ি, সীমালঙ্ঘন	فُرْطٌ (فَرَطَ - يَفْرُطُ)
সীমালঙ্ঘন করা	تَعَدَّى - يَتَعَدَّى
বাড়াবাড়ি করা, বিদ্রোহ করা	عُتُوٌ (عَتَا - يَعْتُو)
সীমালঙ্ঘন করানো	أَطْعَى - يُطْعِي
পাপ; বিপদ, দূর্ভাগ্য (৪:৭৯); মন্দ (৪:৮৫)	سَيِّئٌ، سَيِّئَةٌ (ج) سَيِّئَاتٌ
পাপ, অপরাধ, দোষ	ذَنْبٌ (ج) ذُنُوبٌ
অন্যায়, গুনাহ, পাপ, অপরাধ	إِثْمٌ

পাপ, অপরাধ	إِجْرَامٌ (أَجْرَمَ - يُجْرِمُ)
ভুল, পাপ	خَطِيئَةٌ، خَطَا
ভুল, পাপ	خَطِيئَةٌ (ج) خَطِيئَاتٌ، خَطَايَا
পাপ, ক্ষতি, অপরাধ, দোষারোপ	جُنَاحٌ
মন্দ, পাপ	حُوبٌ
অন্যায়; মন্দ; অজ্ঞাত; জঘন্য	مُنْكَرٌ (ج) مُنْكَرُونَ
পাপাচার, অপরাধ, কসম ভঙ্গ	حِنْتُ
পাপ, অন্যায়, অপকর্ম	فِسْقٌ، فُسُوقٌ (فَسَقَ - يَفْسُقُ)
পাপ, অন্যায়, দুষ্কৃতি	فُجُورٌ (فَجَرَ - يَفْجُرُ)
কষ্ট, পাপ, ব্যভিচার	عَنْتٌ
অত্যাচারী, সীমালঙ্ঘনকারী, অন্যায়কারী	ظَالِمٌ، ظَالِمَةٌ، ظُلُومٌ، ظَلَامٌ (ج) ظَالِمُونَ
বেইনসায়ফকারী, অন্যায়কারী	قَاسِطٌ (ج) قَاسِطُونَ
আত্মসাৎ, অবিচার	هَضْمٌ
অন্যায়, অসংগত, অন্যায়	ضِيْرَى
ছিনিয়ে নেওয়া, জোরপূর্বক নেওয়া	غَضَبٌ
সীমালঙ্ঘনকারী, বিদ্রোহী	بَاغٌ، عَادٍ (ج) عَادُونَ
সীমালঙ্ঘনকারী, বাড়াবাড়িকারী, বিদ্রোহী,	مُعْتَدٍ (ج) مُعْتَدُونَ
অবাধ্য, পাপাচারী, উদ্ধত, বিদ্রোহী	طَاغٍ (ج) طَاغُونَ
অবাধ্য	عَصِيٌّ

বড়াইকারী, অবাধ্য, বিদ্রোহী	مَارِدٌ، مَرِيدٌ
বিরুদ্ধাচরণকারী, বিরুদ্ধবাদী, জেদী	عِنِيدٌ
অপব্যয়কারী, অমিতব্যয়ী	مُبَدِّرٌ (ج) مُبَدِّرُونَ
অমিতব্যয়ী; সীমালঙ্ঘনকারী	مُسْرِفٌ (ج) مُسْرِفُونَ
তওবা করার সুযোগপ্রাপ্ত, অনুগ্রহপ্রাপ্ত	مُعْتَبٌ (ج) مُعْتَبُونَ

### ৩। কুরআনীয় শব্দার্থঃ আখিরাত, জান্নাত ও জাহান্নাম

মেয়াদ	أَجَلٌ
পরকাল	الْآخِرَةُ
জাহান্নামের আগুন	جَحِيمٌ
বাগান	جَنَّةٌ (ج) جَنَّاتٍ، حَدِيقَةٌ (ج) حَدَائِقُ
জাহান্নাম	جَهَنَّمَ
হিসাব	حِسَابٌ
বিচার দিবস	سَاعَةٌ
শেষ পরিণতি	عَاقِبَةٌ
শাস্তি	عَذَابٌ
শাস্তি	عِقَابٌ
বিচার দিবস	قِيَامَةٌ
সাক্ষাৎ	لِقَاءٌ



নির্ধারিত	مُسَمَّى
আগুন	نَارٌ
ধ্বংস	وَيْلٌ
দিন	يَوْمٌ (ج) أَيَّامٌ
সেই দিন	يَوْمَئِذٍ
মৃত্যু	مَوْتٌ، مَوْتَةٌ
মৃত্যু, পরকাল	مَمَاتٌ
পূর্ণকারী, মৃত্যুদানকারী	مُتَوِّفٌ
মৃত	مَيِّتٌ (ج) أَمْوَاتٌ، مَوْتَى
মৃত; নশ্বর	مَيِّتٌ (ج) مَيِّتُونَ
জীবিত; প্রাণবন্ত; চিরজীবী	حَيٌّ (ج) أَحْيَاءٌ
পুনরুত্থান	نُشُورٌ
জীবন দানকারী	مُحْيٍ
জীবন, প্রাণ, ইহজীবন	حَيَاةٌ
আসল জীবন	حَيَوَانٌ
জীবন, বেঁচে থাকা	مُحْيَا
বাগান, উদ্যান, বাগিচা	رَوْضَةٌ (ج) رَوْضَاتٌ
বেহেশত, জান্নাতের সর্বোত্তম স্তর	الْفِرْدَوْسُ
জাহান্নাম, তীব্র আগুন	جَحِيمٌ

জাহান্নাম, দোযখ	سَقَرٌ
জাহান্নাম; তীব্রভাবে জ্বলন্ত আগুন	سَعِيرٌ
জাহান্নামের অতল গহ্বর	هَآوِيَةٌ
জাহান্নাম; পিষ্টকারী, চূর্ণকারী	حُطَمَةٌ
লেলিহান শিখা, জ্বলন্ত আগুন	لَظَى
অগ্নিশিখা	مَارِجٌ
অগ্নিশিখা, স্ফুলিঙ্গ, অগ্নিস্ফুলিঙ্গ	لَهَبٌ
স্ফুলিঙ্গ, শিখা	شَوَاطِئٌ
অগ্নিশিখা, অগ্নিস্ফুলিঙ্গ	شَرَرٌ
অগ্নিস্ফুলিঙ্গ, ক্ষুরাঘাতে প্রজ্জ্বলিত অগ্নি	قَدْحٌ
ভস্মকারী, দগ্ধকারী, প্রজ্জ্বলনকারী	حَرِيقٌ

## অধ্যায় -০৮ الإِسْمُ الْمَوْصُولُ

### ১। সম্বন্ধ কারক সর্বনাম الإِسْمُ الْمَوْصُولُ

সম্বন্ধ কারক সর্বনামগুলোর মধ্যে রয়েছে **الَّذِي** (যিনি/যা/যার/যাকে - ব্যক্তি ও বস্তুর জন্য), **مَا** (যা/যাকে/যার- বস্তুর জন্য), **مَنْ** (যিনি/যাকে/যার- ব্যক্তির জন্য) ইত্যাদি। এগুলো তার পূর্বেক্ত নির্দিষ্ট **إِسْمٌ** কে পরবর্তী বাক্যের সাথে সংযুক্ত করে।

الَّذِينَ	الَّذَانِ / الَّذِينَ	الَّذِي
যারা/যাদেরকে/যাদের	যে দুজন; যে দুজনকে/যে দুজনের	যে/যাকে/যার
الَّاتِي	الَّتَانِ / الَّتِي	الَّتِي
যারা/যাদেরকে/যাদের	যে দুজন; যে দুজনকে/যে দুজনের	যে/যাকে/যার

### কুরআনীয় উদাহরণঃ

তিনিই <b>সে যিনি</b> তাঁর রসূলকে প্রেরণ করেছেন	هُوَ الَّذِي أَرْسَلَ رَسُولَهُ
<b>যা</b> হৃদয় পর্যন্ত পৌছবে	الَّتِي تَطَّلِعُ عَلَى الْأَفْئِدَةِ
<b>যারা</b> ইমান এনেছে ও ভালো কাজ করেছে	الَّذِينَ آمَنُوا وَعَمِلُوا الصَّالِحَاتِ
আল্লাহ <b>তাদের</b> অভিভাবক <b>যারা</b> ঈমান এনেছে	اللَّهُ وَلِيُّ الَّذِينَ آمَنُوا
তোমরা <b>যে</b> পানি পান কর, <b>সে</b> সম্পর্কে ভেবে দেখেছ কি?	أَفَرَأَيْتُمُ الْمَاءَ الَّذِي تَشْرَبُونَ
হে আমাদের রব! আমাদেরকে দেখিয়ে দাও, জিন ও মানুষ মধ্য থেকে <b>তাদেরকে</b> <b>যারা</b> আমাদের পথভ্রষ্ট করেছিল।	رَبَّنَا أَرِنَا الَّذِينَ أَضَلَّاتْنَا مِنَ الْجِنَّ وَالْإِنْسِ

তিনি জানেন যা আছে নভোমন্ডল ও ভূমন্ডলে যা আছে	يَعْلَمُ مَا فِي السَّمَاوَاتِ وَالْأَرْضِ
আর মানুষের মধ্যে যে আল্লাহ সম্পর্কে বিতর্ক করে জ্ঞান ছাড়া	وَمِنَ النَّاسِ مَنْ يُجَادِلُ فِي اللَّهِ بِغَيْرِ عِلْمٍ

## ২। কুরআনীয় শব্দার্থঃ অনুভূতি

ভয়; সতর্কতা, সাবধানতা (৬:৩৪)	حَذَرَ
ভয়, আশঙ্কা, অনিশ্চয়ের আশঙ্কা	خَوْفٌ، خِيفَةٌ
ভয়, ভীতি প্রদর্শন	تَخَوُّفٌ
ভয়, আতঙ্ক, আশংকা, সমীহ	خَشْيَةٌ، تَقَاهُ
ভয়, আশঙ্কা, সমীহ	رَهْبٌ، رَهْبَةٌ، رُعْبٌ
অস্থিরতা, ভীতি, ত্রাস	فَرَعٌ
ভয় পাওয়া, দূরদূর করা	وَجَلَّ - يُوَجَّلُ
ভয়, শঙ্কা	رَوْعٌ

## ৩। কুরআনীয় শব্দার্থঃ আর্থিক অবস্থা

দারিদ্র্য	مَسْكَنَةٌ، فَقْرٌ، عَيْلَةٌ
দারিদ্র, অভাব	إِمْلَاقٌ
দুরাবস্থা, অসুবিধা, সংকট	صَرَاءٌ
চরম অভাব, স্বতন্ত্র চাহিদা, ক্ষুধা, দৈন্য	خِصَاصَةٌ

নিঃস্বতা, ধূলি ধূসরিত অবস্থা	مُتْرِبَةٌ
সচ্ছলতা	سَرَاءٌ
প্রাচুর্য, প্রশস্ততা	سَعَةٌ
অনুগ্রহ, স্বচ্ছলতা	نَعْمَاءٌ
স্বচ্ছলতা, সহজসাধ্যতা	مَيْسَرَةٌ
অভাবী	مِسْكِينٌ (ج) مَسَاكِينُ
দরিদ্র	فَقِيرٌ (ج) فُقَرَاءُ
কৃপণ, অস্বচ্ছল	مُقْتِرٌ
অভাবী, দরিদ্র, অভাবগ্রস্ত, নিঃস্ব	عَائِلٌ، بَائِسٌ
ক্লান্ত, পরিশ্রান্ত, দুর্বল, অনুতপ্ত, অক্ষম	مَحْسُورٌ
স্বচ্ছল; সম্প্রসারণকারী (৫১:৪৭)	مُوسِعٌ (ج) مُوسِعُونَ
ধনী, অভাবমুক্ত, অমুখাপেক্ষী	غَنِيٌّ (ج) أَغْنِيَاءُ
বিলাসী, শৌখিন, ঐশ্বর্যশালী	مُتْرَفٌ (ج) مُتْرَفُونَ

### ৪। কুরআনীয় শব্দার্থঃ শক্তি ও দুর্বলতা

দৃঢ়তা, শক্তি	قُوَّةٌ (ج) قُوَى
সাধ্য, ক্ষমতা, সামর্থ্য	طَاقَةٌ
কৌশল, কঠোর শক্তি, প্রচণ্ড শক্তি	مِحَالٌ
শক্তি, বল, সাহায্য	أَيْدٍ، أَرْزٌ

শক্তি, ক্ষমতা, বল, দৃঢ়তা	مِرَّةٌ
শক্তি, ক্ষমতা, সক্ষমতা, মনোবল	ذَرْعٌ
ক্ষমতা, সাহায্য, খুঁটি	رُكْنٌ
কঠিনতা, কাঠিন্য	قَسْوَةٌ
কঠোরতা, দৃঢ়তা, রূঢ়তা, নির্দয়তা	غِلْظَةٌ
শক্ত, পাষণ	قَاسِيَةٌ
কঠিন, কঠোর; শক্তিশালী, মজবুত; প্রচণ্ড	شَدِيدٌ (ج) شِدَادٌ، أَشِدَاءٌ
প্রচণ্ড, ভীষণ; বাড়ন্ত, বর্ধনশীল স্ফীত	رَابٍ، رَابِيَةٌ
প্রচণ্ড, ভীষণ, নির্মম	غَرَقٌ
সঙ্কটপূর্ণ, বিপদসংকুল, ভীষণ কঠিন	عَصِيبٌ
ভীষণ, কঠোর	وَيْلٌ
অবাধ্য, প্রচণ্ড, অশিষ্ট, ভীষণ	عَاتِيَةٌ
কঠোর, পাকাপোক্ত, শক্ত, জোর	جَهْدٌ
পাকাপোক্ত, মজবুত, জোর	تَوْكِيدٌ

## الإِضَافَةُ - ০৯ অধ্যায়

### ১। দুই ইসমের সম্পর্ক الإِضَافَةُ

দুটি **إِسْمٌ** এর মধ্যে সম্পর্ক হলে সম্পর্কিত ব্যাপারটিকে **مُضَافٌ** এবং যার সাথে সম্পর্কিত তাকে **مُضَافٌ إِلَيْهِ** বলা হয়। **مُضَافٌ** এবং **مُضَافٌ إِلَيْهِ** সর্বদা পরপর আসে। **مُضَافٌ** কখনো **ال** এবং তানযীন বিশিষ্ট হয় না এবং **مُضَافٌ إِلَيْهِ** সর্বদা **مَجْرُورٌ** হবে। আমরা কিছু উদাহরণ দেখি,

বাংলা অর্থ	مُضَافٌ	مُضَافٌ إِلَيْهِ	শব্দের সম্পর্ক
একজন ব্যবসায়ীর বাড়ি	بَيْتٌ	تَاجِرٍ	بَيْتٌ + تَاجِرٍ
